১৩	(৩.১) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।	সভায় সভাপতি মহোদয় বলেন যে, বিধি মোতাবেক সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং সরকারি যানবাহন ব্যবহারের ক্ষেত্রে যেন কোন ভাবেই অব্যবস্থাপনা সৃষ্টি না হয় এবং বিধি বহির্ভূতভাবে প্রকল্পের গাড়ী ব্যবহার না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবশ্যই সচেতন হতে হবে।	কেসিসি'র নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করত: এতদসংক্রান্ত প্রতিবেদন প্রতি তিনমাস অন্তর সাধারণ প্রশাসনিক শাখায় দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	
১৪	৩.২ বিভাগীয় পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ও বিভিন্ন অংশীজনের (৫০জন+৫০জন) অংশগ্রহণে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন।	২০২২-২৩ অর্থ বছরে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা ০২টি আয়োজন করতে হবে। ৬মাসে একটি হিসেবে অত্র অর্থ বছরে ২টি প্রশিক্ষণ/কর্মশালার জন্য (৫০জন+৫০জন) মোট অংশীজন ১০০জন হবে এবং তাদের তালিকা তৈরি করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২২-২৩ অর্থ বছরে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত ১ম কর্মশালাটি গত ১৮/১২/২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। ২য় কর্মশালাটি ৪র্থ কোয়ার্টারে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসনিক শাখা

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২. ২

(পাতা নং-৫)

ক্রমিক নং	কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১৫	(৩.৩) সিটি কর্পোরেশন কর্তৃক অনলাইনে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণের ব্যবস্থা নিশ্চিতকরণ।	সভায় প্রকাশ পায় যে, নির্দেশনা মোতাবেক এ কাজটি এসএনভি সম্পন্ন করছে। এতদসংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। উল্লেখ্য স্থানীয় সরকার বিভাগ থেকে এ বিষয়ে পূর্ণাঙ্গ বাস্তবায়নের জন্য জোর তাগিদ প্রদান করা হয়।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ৩০/০৬/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক অনলাইনে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণের ব্যবস্থা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, স্থানীয় সরকার বিভাগ থেকে এতদসংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য পুন: পুন: তাগিদ প্রদান করছেন। উল্লেখ্য, অনলাইনে ট্রেড লাইসেন্স সংক্রান্ত কার্যক্রম ৩য় কোয়ার্টারে উদ্বোধনের জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এছাড়া ইতোমধ্যে ২য় কোয়ার্টারে এতদসংক্রান্ত ৭০% কার্যক্রম সম্পন্ন হয়েছে। এতদবিষয়ক কার্যক্রম বাস্তবায়নের জন্য অবশ্যই কেসিসি কেসিসি'র প্রধান রাজস্ব কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবং আই.টি ম্যানেজার এ বিষয়ে দ্রুততার সাথে কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	রাজস্ব বিভাগ, বিদ্যুৎ শাখা ও আইটি শাখা
১৬	(৩.৪) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সেবার মানোন্নয়ন	সভাপতি মহোদয় বলেন যে, খুলনা সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সেবার মানোন্নয়নে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। সেবা গ্রহীতাগণ যাতে কোন অবস্থাতেই হয়রানির শিকার না হন সেদিকে খেয়াল রাখতে হবে।	কেসিসি'র প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), আইটি ম্যানেজারসহ সংশ্লিষ্ট ওয়ার্ডসচিবগণ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সেবার মানোন্নয়নে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করবেন এবং এর প্রতিবেদন প্রতি তিনমাস অন্তর সাধারণ প্রশাসনিক শাখায় দাখিল করবেন। উল্লেখ্য, ইতোমধ্যে জুলাই-২২ থেকে ডিসেম্বর-২২ পর্যন্ত কেসিসি'র ওয়ার্ড পর্যায়ের জন্ম ও মৃত্যু নিবন্ধন সংখ্যা স্থানীয় সরকার বিভাগে প্রেরিত হয়েছে।	সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবগণ

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.০৬.০০৮.২৩- ০৮৬ (১০) তারিখ-২৫/০১/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মেয়র প্যানেলের সদস্য/সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং..................., খুলনা সিটি কর্পোরেশন।
২। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
৩। নৈতিকতা কমিটির সদস্যগণ, খুলনা সিটি কর্পোরেশন।
৪। বিভাগীয় প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৫। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৬। সংশ্লিষ্ট শাখা প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৭। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সি.এ.টু প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৯। সংশ্লিষ্ট ওয়ার্ড সচিব, ওয়ার্ড নং.............., খুলনা সিটি কর্পোরেশন।
১০। সংশ্লিষ্ট নথি।

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

২৫/০১/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব) জনাব লস্কার তাজুল ইসলাম এঁর সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অনুষ্ঠিত কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২৩) সভায় উপস্থিতি:

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

ক্র:নং	নাম	পদবী	স্বাক্ষর
১.	মো: আজমুল হক	সচিব (কেসিসি)	
২	মো: মনিরুজ্জামান	BAO	
৩	[illegible]	CPO, KCC	
৪।	শেখ মোহাম্মদ মাসুদ করিম	ExEn KCC.	
৫.	রেজবিনা খানম	Architect, K.C.C.	
৬.	ডা. মো: [illegible] বিশ্বাস	VS, KCC	
৭	তপন কুমার নন্দী	E-T	
৮	শেখ হাসান হাবিবুল হক	আইটি ম্যানেজার	
৯	[illegible]	ExEn(E)	
১০	মো: আবুল [illegible]	SE(M) & CWMO	
১১.	মো: আনিসুর রহমান	CO.	
১২	মশিউজ্জামান খান	CE, KCC	
১৩.	ডাঃ স্বপন কুমার হালদার	CHO, KCC	
১৪.	মো: আব্দুস সালাম [illegible]	UDA	
১৫.	[illegible]	সহকারী [illegible]	
১৬.	শেখ হুমায়ুন কবির	[illegible]	
১৭.	মো: [illegible] রহমান	U.D.	

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

১.১

"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

খুলনা সিটি কর্পোরেশন
সাধারণ প্রশাসনিক শাখা

নম্বর-৪৬.১৩.০০০০.০০৭.০৬.০০৮.২৩- ৪৫৭ তারিখ- ২৪/০৪/২৩খ্রি:

সভার নোটিশ

আগামী ২৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব) জনাব লস্কার তাজুল ইসলাম এঁর সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২৩) সভা অনুষ্ঠিত হবে।

সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

....
....
....

২৪/৪
মোঃ আজমুল হক
সচিব (উপসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪৭৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো:

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
২। নৈতিকতা কমিটির সদস্যগণ, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, কেসিসি।
৩। সংশ্লিষ্ট শাখা প্রধানগণ, খুলনা সিটি কর্পোরেশন।
৪। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৫। আইটি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি'র ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৬। সি.এ. টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সি.এ.টু প্রনিক, খুলনা সিটি কর্পোরেশন।
৮। সংশ্লিষ্ট নথি।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

D:\Current File\SUDDACHAR\Notice-1.Doc

খুলনা সিটি কর্পোরেশন ১.১

খুলনা

২৬/০৪/২৩ খ্রিঃ তারিখ বেলা ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব) জনাব লস্কার তাজুল ইসলাম এর সভাপতিত্বে তার দপ্তর কক্ষে অনুষ্ঠিত কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী :

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

সভায় উপস্থিতি : (স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব),খুলনা সিটি কর্পোরেশন।
২। জনাব সানজিদা বেগম, প্রধান রাজস্ব কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৩। জনাব মশিউজ্জামান খান, প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), খুলনা সিটি কর্পোরেশন।
৪। জনাব মোঃ আব্দুল আজিজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) হিসেবে কর্মরত ও প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, কেসিসি।
৫। জনাব মোঃ মনিরুজ্জামান, বাজেট কাম একাউন্টস অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৬। জনাব জাহিদ হোসেন শেখ, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), খুলনা সিটি কর্পোরেশন।
৭। জনাব আবির উল জব্বার, চীফ প্লানিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৮। জনাব মোঃ সাহাবুল আলম, নির্বাহী প্রকৌশলী, খুলনা সিটি কর্পোরেশন।
৯। জনাব শেখ মোহাম্মাদ মাসুদ করিম, নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মরত, খুলনা সিটি কর্পোরেশন।
১০। ডাঃ স্বপন কুমার হালদার, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
১১। ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি সার্জন, খুলনা সিটি কর্পোরেশন।
১২। জনাব শেখ হাসান হাসিবুল হক, আই.টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন।
১৩। জনাব তপন কুমার নন্দী, কালেক্টর অব ট্যাক্সেস হিসেবে কর্মরত, খুলনা সিটি কর্পোরেশন।
১৪। জনাব মোঃ হারুন-অর-রশীদ, লাইসেন্স অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
১৫। জনাব রবিউল আলম, লাইসেন্স অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অত:পর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	(১.১) নৈতিকতা কমিটির সভা আয়োজন	সভাপতি মহোদয় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে সঠিক সময় নৈতিকতা কমিটির মোট ৪টি সভা অবশ্যই আয়োজন করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রতি কোয়ার্টারে ত্রৈমাসিক ভিত্তিকে একটি করে ২০২২-২৩ অর্থ বছরে মোট ৪টি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে ২৬/০৭/২২খ্রিঃ তারিখ ১ম সভাটি, ১৫/১১/২২ খ্রিঃ তারিখ ২য় সভাটি ২৫/০১/২৩ খ্রিঃ তারিখ ৩য় সভাটি এবং ২৬/০৪/২৩ খ্রিঃ তারিখ ৪র্থ সভাটি অনুষ্ঠিত হয়। এ অর্থ বছরে মোট ৪টি সভা অনুষ্ঠিত হয়।	প্রশাসনিক শাখা
২	(১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রতি কোয়ার্টারে অর্থাৎ তিনমাস অন্তর অন্তর সভা করতে হবে এবং তা অবশ্যই বাস্তবায়ন করতে হবে। নৈতিকতা কমিটির সভা করার দায়িত্ব প্রধান নির্বাহী কর্মকর্তার এবং লক্ষ্যমাত্রা ১০০% বাস্তবায়ন করতেই হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সংশ্লিষ্ট সকল বিভাগ/শাখা কর্তৃক নৈতিকতা সভার সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রতি কোয়ার্টারের প্রতিবেদন নির্ধারিত সময় সাধারণ প্রশাসনিক শাখায় দাখিল করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর আলোকে কেসিসি কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল বিভাগ/সংশ্লিষ্ট শাখা

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

ক্রমিক নং	কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩	(১.৩) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা	সভায় প্রকাশ পায় যে, সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে বছরে ২টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা থাকবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে ২০২২-২৩ অর্থ বছরে ১ম সভাটি গত ১৮/১২/২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ২য় সভাটি গত ২৭/০৪/২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সম্পৃক্ত মোট ৫টি সভা কেসিসিতে অনুষ্ঠিত হয়েছে।	প্রশাসনিক শাখা
৪	(১.৪) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	সভাপতি মহোদয় বলেন, কেসিসি'র সকল বিভাগ ও শাখার কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণ বিষয়ে ফান্ড আছে। তিনি আরো বলেন, কেসিসি'র সকল বিভাগ ও শাখায় ই-নথি কার্যক্রম পূর্ণাঙ্গরূপে বাস্তবায়ন, এপিএ, শুদ্ধাচার, ইনোভেশনসহ অন্যান্য বিষয়ের উপর প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল বিভাগ ও শাখার কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ই-নথি কার্যক্রম পূর্ণাঙ্গরূপে বাস্তবায়ন, এপিএ, শুদ্ধাচার, ইনোভেশনসহ অন্যান্য বিষয়ের উপর প্রশিক্ষণের আয়োজন করতে হবে। উল্লেখ্য, ইতোমধ্যে গত ২৩/১০/২২খ্রিঃ তারিখে কেসিসিতে ডিজিটাল স্মারক সংক্রান্ত একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এছাড়া গত ০৮/০২/২৩ খ্রিঃ তারিখ হতে ১৯/০২/২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত (৩য় কোয়ার্টার) এবং ৪র্থ কোয়ার্টারে অর্থাৎ ০২/০৫/২৩ খ্রিঃ তারিখ হতে ০৯/০৫/২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত কেসিসি'র কর্মকর্তা-কর্মচারীদের অভ্যন্তরীণ ভাবে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে।	সকল বিভাগ, প্রশাসনিক শাখা

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

ক্রমিক নং	কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৫	(১.৫) কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)	সভাপতি বলেন, স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে সরকারি সব প্রোগ্রাম যথাযথভাবে পালন করা হয়। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এবং প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে স্বাস্থ্য বিধি অনুসরণসহ এতদবিষয়ে প্রশাসনিক শাখায় প্রতিবেদন জমা দিতে হবে। এছাড়া অফিসে মহিলাদের জন্য আধুনিক পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে। খুলনা মহানগরীকে একটি গ্রীণ সিটিতে পরিণত করার লক্ষ্যে পরিস্কার-পরিচ্ছন্নতা এবং সংস্কার কার্যক্রম আরো বৃদ্ধির জন্য প্রধান প্রকৌশলী এবং প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের-কে আরো তৎপর হতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে স্বাস্থ্য বিষয়ক ও পরিস্কার পরিচ্ছন্নতাসহ অফিসে মহিলাদের জন্য পৃথক আধুনিক ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে। এ কার্যক্রমকে আরো বেগবান করাসহ সরকারি সব প্রোগ্রাম যথাযথ ভাবে পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্টগণ নির্ধারিত ছক মোতাবেক এর প্রতিবেদন প্রতি তিনমাস অন্তর আবশ্যিকভাবে সাধারণ প্রশাসনিক শাখায় দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া কেসিসি'র প্রধান রাজস্ব কর্মকর্তাকে আহবায়ক করে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী ক অঞ্চল এবং এস্টেট অফিসারের সমন্বয়ে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি কেসিসিতে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম তদারিকসহ এতদবিষয়ে বিভিন্ন কার্যক্রম সম্পাদন ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: এর প্রতিবেদন কেসিসি'র প্রশাসনিক শাখায় দাখিল করবেন।	পূর্ত বিভাগ, জনস্বাস্থ্য বিভাগ ও কন: শাখা
৬	(১.৬) আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান।	সভায় আলোচনা হয় যে, ২০২২-২৩ অর্থ বছরে অর্থাৎ জুলাই ২২ হতে জুন ২৩ এর মধ্যে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২২-২৩ অর্থ বছরে অর্থাৎ জুলাই '২২ থেকে জুন '২৩ এর মধ্যে মোট ০৩(তিন)টি ফিডব্যাক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে ১০/১০/২২খ্রিঃ তারিখে ১ম সভাটি এবং ১০/০১/২৩খ্রিঃ তারিখে ২য় সভাটি এবং গত ১২/০৪/২৩খ্রিঃ তারিখে ৩য় ফিডব্যাক সভাটি অনুষ্ঠিত হয়েছে।	সংশ্লিষ্ট বিভাগ, প্রশাসনিক শাখা
৭	২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন............... (২.১) ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ।	সভাপতি মহোদয় বলেন, কেসিসি'র ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র প্রধান প্রকৌশলী ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা গত ০৫/০৯/২২খ্রিঃ তারিখ কেসিসি'র ওয়েব সাইটে প্রকাশ করেছেন।	পূর্ত বিভাগ

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

ক্রমিক নং	কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৮	(২.২) অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)	সভায় প্রকাশ পায় যে, খুলনা সিটি কর্পোরেশনের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) যথাযথভাবে এবং সঠিক সময়ে সম্পন্ন করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে খুলনা সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীদের সমন্বয়ে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) যথাযথভাবে এবং সঠিক সময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর প্রতিবেদন প্রতি তিনমাস অন্তর আবশ্যিকভাবে সাধারণ প্রশাসনিক শাখায় দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পূর্ত বিভাগ
৯	(২.৩) বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	সভায় আলোচনা হয় যে, ২০২২-২৩ অর্থ বছরে খুলনা সিটি কর্পোরেশনের বার্ষিক উন্নয়ন কর্মসূচি পূর্ণাঙ্গরূপে এবং যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	কেসিসি'র প্রধান প্রকৌশলী বার্ষিক উন্নয়ন কর্মসূচি পূর্ণাঙ্গরূপে এবং যথাযথভাবে বাস্তবায়ন করত নির্ধারিত ছক মোতাবেক এর প্রতিবেদন প্রতি তিনমাস অন্তর সাধারণ প্রশাসনিক শাখায় আবশ্যিকভাবে দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	পূর্ত বিভাগ
১০	(২.৪) প্রকল্পের PIC সভা আয়োজন	২০২২-২৩ অর্থ বছরে ৩০/০৬/২৩ তারিখের মধ্যে প্রকল্প পরিচালনা কমিটি PIC'র সভা প্রধান প্রকৌশলীর দায়িত্বে আয়োজন করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২২-২৩ অর্থ বছরে কেসিসি'র প্রধান প্রকৌশলীর দায়িত্বে মোট ৩টি PIC'র সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, ইতোমধ্যে ২৮/০৭/২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত PIC'র ১ম সভাসহ মোট ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে।	পূর্ত বিভাগ
১১	(২.৫) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা।	সভায় আলোচনা হয় যে, কেসিসি'র সকল প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ার পর প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক ৩০/০৬/২৩ তারিখের মধ্যে হস্তান্তর বাস্তবায়ন করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ার পর প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) প্রধান প্রকৌশলী/ পিডি/ নির্বাহী প্রকৌশলী তথা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ নিজে বা তার প্রতিনিধির দায়িত্বে ৩০/০৬/২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে হস্তান্তর বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, প্রকল্পের গাড়ীসহ প্রকল্পভুক্ত অন্যান্য যন্ত্রপাতি ও আসবাবপত্র সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক নিজে ফেরত দিবেন। গাড়ী নিয়ে তিনি বা তার প্রতিনিধি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ফেরত দিতে যাবেন। এছাড়া সংশ্লিষ্টগণ অবশ্যই মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত ছক মোতাবেক এর প্রতিবেদন প্রতি তিনমাস অন্তর আবশ্যিকভাবে সাধারণ প্রশাসনিক শাখায় দাখিল করবেন মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়।	পূর্ত বিভাগ, যানবাহন (গ্যারেজ) ও বিদ্যুৎ শাখাসহ সংশ্লিষ্ট শাখা
১২	(৩) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম.........			

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

ক্রমিক নং	কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১৩	(৩.১) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।	সভায় সভাপতি মহোদয় বলেন যে, বিধি মোতাবেক সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং সরকারি যানবাহন ব্যবহারের ক্ষেত্রে যেন কোন ভাবেই অব্যবস্থাপনা সৃষ্টি না হয় এবং বিধি বহির্ভূতভাবে প্রকল্পের গাড়ী ব্যবহার না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবশ্যই সচেতন হতে হবে।	কেসিসি'র নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করত: এতদসংক্রান্ত প্রতিবেদন প্রতি তিনমাস অন্তর সাধারণ প্রশাসনিক শাখায় দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	
১৪	৩.২ বিভাগীয় পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ও বিভিন্ন অংশীজনের (৫০জন+৫০জন) অংশগ্রহণে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন।	২০২২-২৩ অর্থ বছরে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা ০২টি আয়োজন করতে হবে। ৬মাসে একটি হিসেবে অত্র অর্থ বছরে ২টি প্রশিক্ষণ/কর্মশালার জন্য (৫০জন+৫০জন) মোট অংশীজন ১০০জন হবে এবং তাদের তালিকা তৈরি করতে হবে।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২২-২৩ অর্থ বছরে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত ১ম কর্মশালাটি গত ১৮/১২/২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয় এবং গত ২৭/০৪/২৩ খ্রিঃ (৪র্থ কোয়ার্টারে) তারিখে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত ২য় কর্মশালাটি অনুষ্ঠিত হয়েছে।	প্রশাসনিক শাখা
১৫	(৩.৩) সিটি কর্পোরেশন কর্তৃক অনলাইনে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণের ব্যবস্থা নিশ্চিতকরণ।	সভায় প্রকাশ পায় যে, নির্দেশনা মোতাবেক এ কাজটি এসএনভি সম্পন্ন করছে। এতদসংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। উল্লেখ্য স্থানীয় সরকার বিভাগ থেকে এ বিষয়ে পূর্ণাঙ্গ বাস্তবায়নের জন্য জোর তাগিদ প্রদান করা হয়।	বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ৩০/০৬/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক অনলাইনে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণের ব্যবস্থা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, স্থানীয় সরকার বিভাগ থেকে এতদসংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য পুন: পুন: তাগিদ প্রদান করা হয়েছে। উল্লেখ্য, খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক হোল্ডিং ট্যাক্স আদায় সংক্রান্ত সফটওয়্যারটি প্রাথমিকভাবে অন লাইনে আদায় প্রস্তুতের সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে গত ২৭/০৪/২০২৩খ্রিঃ তারিখে কেসিসিতে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর ৩য় সভায় খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক মহোদয়ের সভাপতিত্বে অন লাইনে হোল্ডিং ট্যাক্স আদায় সংক্রান্ত কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়। উল্লেখ্য, কেসিসি'র সকল সম্মানিত হোল্ডিং মালিকগণই কেসিসি'র ওয়েব সাইট www.khulnacity.gov.bd প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবা সমূহের মধ্যে "অন লাইন হোল্ডিং ট্যাক্স পেমেন্ট" ক্লিক করে গ্রাহক সহজেই হোল্ডিং ট্যাক্স পরিশোধ করতে পারবেন। এছাড়া সরাসরি নিম্নলিখিত লিংকে প্রবেশ করে হোল্ডিং ট্যাক্স পরিশোধ করা যাবে। www.imis-khulna.streamstech.com/pament এছাড়া ট্রেড লাইসেন্স ফিস সহ সকল পেমেন্ট অন লাইন সিস্টেমে আনার সিদ্ধান্ত গৃহীত হয়।	রাজস্ব বিভাগ, বিদ্যুৎ শাখা ও আইটি শাখা

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

ক্রমিক নং	কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১৬	(৩.৪) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সেবার মানোন্নয়ন	সভাপতি মহোদয় বলেন যে, খুলনা সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সেবার মানোন্নয়নে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। সেবা গ্রহীতাগণ যাতে কোন অবস্থাতেই হয়রানির শিকার না হন সেদিকে খেয়াল রাখতে হবে।	কেসিসি'র প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), আইটি ম্যানেজারসহ সংশ্লিষ্ট ওয়ার্ডসচিবগণ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সেবার মানোন্নয়নে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করবেন এবং এর প্রতিবেদন প্রতি তিনমাস অন্তর সাধারণ প্রশাসনিক শাখায় দাখিল করবেন।	সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবগণ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০৪/২৫

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.০৬.০০৮.২৩-৪৮৭

তারিখ-২৮/০৪/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মেয়র প্যানেলের সদস্য/সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং...................., খুলনা সিটি কর্পোরেশন।
২। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
৩। নৈতিকতা কমিটির সদস্যগণ, খুলনা সিটি কর্পোরেশন।
৪। বিভাগীয় প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৫। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৬। সংশ্লিষ্ট শাখা প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৭। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সি.এ.টু প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৯। সংশ্লিষ্ট ওয়ার্ড সচিব, ওয়ার্ড নং.............., খুলনা সিটি কর্পোরেশন।
১০। সংশ্লিষ্ট নথি।

২৩/০৪/২৫

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

D:\Current File\SUDDACHAR\Resulation\19 Resulation- 26.04.23.Docx

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

১.১

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

২৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব) জনাব লস্কার তাজুল ইসলাম এঁর সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অনুষ্ঠিত কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন,২০২৩) সভায় উপস্থিতি:

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

ক্র:নং	নাম	পদবী	স্বাক্ষর
১.	মোঃ আজমুল হক	সচিব (উপসচিব)	২৬/০৪/২৩
২.	মোঃ আব্দুল আজিজ	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা	২৬/০৪/২৩
৩.	ড. শেখ শোয়েব বিল্লাল	VS	২৬.০৪.২০২৩
৪.	মোঃ মনিরুজ্জামান	BAO	২৬/৪/২৩
৫.	জাহিদ হোসেন শেখ	ExEn (E)	২৬/০৪/২৩
৬.	আনিছ উল ইসলাম	CPO	২৬/৪/২৩
৭.	ডাঃ স্বপন কুমার হালদার	CHO	২৬/৪/২৩
৮.	মশিউজ্জামান খান	CE (Add charge)	২৬/৪/২৩
৯.	[illegible]	CRO	২৬.০৪.২৩
১০.	মোঃ মাহবুবুল আলম	AEN	
১১.	শেখ মোহাম্মদ আব্দুল মজিদ	XEN	
১২.	শেখ হাসান হাবিবুর রহমান	আইটি ম্যানেজার	
১৩.	মো: হাকিম-উর-রশিদ	লাই: অফি:	
১৪.	তপন কুমার সাহা	C-T	
১৫.	রফিকুল আলম	L.O.	

D:\Current File\SUDDACHAR\Hajira.Docx

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

০৬/০৬/২০২৩খ্রি. তারিখ বিকাল ৩.৩০ঘটিকায় মো: আজমুল হক, সচিব (উপসচিব) এঁর অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত শুদ্ধাচার পুরস্কারের জন্য গঠিত যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী :

বাছাই কমিটিতে উপস্থিত সদস্যগণের নাম :

(ক) জনাব মো: আজমুল হক, সচিব (উপসচিব), কেসিসি....................আহবায়ক।
(খ) ড' পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি সার্জন, কেসিসি......................সদস্য।
(গ) জনাব সানজিদা বেগম, প্রধান রাজস্ব কর্মকর্তা, কেসিসি............সদস্য সচিব।

সভার শুরুতে সভাপতি জনাব মো: আজমুল হক, সচিব (উপসচিব), কেসিসি সকলকে সভায় স্বাগত জানান এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মুল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এর ১.৮ নং নির্দেশিকার আলোকে খুলনা সিটি কর্পোরেশনে শুদ্ধাচার পুরস্কার প্রদান করার নিমিত্ত প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই এর জন্য সদস্যসচিবকে তা উপস্থাপন করতে অনুরোধ করেন।

০২। নির্দেশনামতে কমিটির সদস্যসচিব, জনাব সানজিদা বেগম, প্রধান রাজস্ব কর্মকর্তা, কেসিসি সভায় প্রাপ্ত সকল আবেদনপত্র উপস্থাপন করেন, বিধি অনুযায়ী ০৩ ক্যাটাগরিতে (ক) গ্রেড ০২-০৯ (খ) গ্রেড ১০-১৬, ও (গ) গ্রেড ১৭-২০ কর্মচারীদের মধ্যে সিটি কর্পোরেশন থেকে শুদ্ধাচার পুরস্কার দেয়া যাবে মর্মে সভাকে অবহিত করেন। বিভিন্ন সূচকে নম্বর প্রদানের পর যাদের নম্বর ৮০ এর উপর হবে তাদের নামসহ কার্যবিবরনীতে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। এ পর্যায়ে প্রথমে ০২-০৯ গ্রেডভুক্ত কর্মচারীগণের থেকে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই এর জন্য উপস্থাপন করা হয়। বিভিন্ন সূচকে নম্বর প্রদানের পর যাদের নম্বর ৮০ এর উপর হয়েছে তাদের নামসহ কার্যবিবরণীতে উপস্থাপনের নির্দেশ দিলে তা নীচে উল্লেখ করা হল। একই সাথে সর্বোচ্চ নম্বরধারী জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব) এই ক্যাটাগরিতে শুদ্ধাচার পুরস্কার-২০২৩ এর জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নম্বর	কর্মকর্তার নাম ও পদবী	বিভাগ/দপ্তর	প্রাপ্ত নম্বর	মন্তব্য
১	লস্কার তাজুল ইসলাম প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)	প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর	৯৮	সুপারিশকৃত
২	জান্নাতুল আফরোজ স্বর্ণা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট	নির্বাহী ম্যাজিস্ট্রেটের দপ্তর	৯৫	
৩	আবির উল জব্বার চীফ প্লানিং অফিসার	পূর্ত বিভাগ	৯৪	

০৪। পরবর্তীতে ১০-১৬ গ্রেডভুক্ত কর্মচারীগণের থেকে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই এর জন্য উপস্থাপন করা হয়। বিভিন্ন সূচকে নম্বর প্রদানের পর যাদের নম্বর ৮০ এর উপর হয়েছে তাদের নামসহ কার্যবিবরণীতে উপস্থাপনের নির্দেশ দিলে তা নীচে উল্লেখ করা হল। একই সাথে সর্বোচ্চ নম্বরধারী জনাব আজিজুন নাহার বেলা, উপসহকারী প্রকৌশলীকে এই ক্যাটাগরিতে শুদ্ধাচার পুরস্কার-২০২৩ এর জন্য সর্বসম্মতভাবে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নম্বর	কর্মচারীর নাম ও পদবী	বিভাগ/দপ্তর	প্রাপ্ত নম্বর	মন্তব্য
১	আজিজুন নাহার বেলা উপ সহকারী প্রকৌশলী	পূর্ত বিভাগ	৯৫	সুপারিশকৃত
২	নবজিৎ বাইন সেনেটারি ইন্সপেক্টর	ভেটেরিনারি দপ্তর	৯৩	
৩	মো: আবদুস সালাম ফারাজী উচ্চমান সহকারী	প্রশাসনিক শাখা	৯২	

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২৭৬

০৫। সর্বশেষে ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীগণের থেকে প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই-বাছাই এর জন্য উপস্থাপন করা হয়। বিভিন্ন সূচকে নম্বর প্রদানের পর যাদের নম্বর ৮০ এর উপর হয়েছে তাদের নামসহ কার্যবিবরনীতে উপস্থাপনের নির্দেশ দিলে তা নীচে উল্লেখ করা হল। একই সাথে সর্বোচ্চ নম্বরধারী আব্দুল জলিল খা, কুকুর ধরা কর্মচারীকে এই ক্যাটাগরিতে শুদ্ধাচার পুরস্কার-২০২৩ এর জন্য সর্বসম্মতভাবে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নম্বর	কর্মচারীর নাম ও পদবী	বিভাগ/দপ্তর	প্রাপ্ত নম্বর	মন্তব্য
১	মো: শহিদুল আজম অফিস সহায়ক	নির্বাহী ম্যাজিস্ট্রেটের দপ্তর	৯৫	
২	মো: মাসুদুর রহমান অফিস সহায়ক	পূর্ত বিভাগ	৯৪	
৩	আব্দুল জলিল খা কুকুর ধরা শ্রমিক	ভেটেরিনারি দপ্তর	৯৭	সুপারিশকৃত

০৬। শুদ্ধাচারের জন্য মনোনীত কর্মকর্তা-কর্মচারীগণকে শুদ্ধাচার পুরস্কার নীতিমালা অনুযায়ী পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট, ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

মো: আজিমুল হক
সচিব (উপসচিব)
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা
ও
আহবায়ক, শুদ্ধাচার পুরস্কার প্রদান যাচাই-বাছাই কমিটি-২০২৩

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.০৬.০০৮.২৩-৭০৭(৬) তারিখ-২৬/০৬/২০২৩খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বাজেট কাম একাউন্টস অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৩। আই.টি ম্যানেজার, কেসিসি (কেসিসি'র ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো)।
৪। সিএ টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।
৫। সিএ টু প্রধান নির্বাহী কর্মকর্তা, কেসিসি (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)।
৬। সংশ্লিষ্ট নথি।

২.৬

২৭২

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

খুলনা সিটি কর্পোরেশন
সাধারণ প্রশাসনিক শাখা

নং- ৪৬.১৩.০০০০.০০৯.২৯.০০২.২২-২৪৯৩ তারিখ-১২/১২/২২খ্রি.

বিষয় ঃ অংশীজন সভা ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগের গত ২৮/০৬/২২খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২.৭৫৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর নির্দেশনানুসারে আগামী১৮/১২/২০২২ খ্রি. তারিখ নগর ভবনের শহিদ আলতাফ মিলনায়তনে সকাল ১১.৩০ ঘটিকায় "সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা" এবং দুপুর ১২.১৫ ঘটিকায় "দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা" আয়োজন করা হয়েছে। উল্লেখ্য, খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক মহোদয় উক্ত সভা ও কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠেয় সভা ও কর্মশালায় অংশগ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২/১২/২২

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা(যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
ceo.kcc.kln@gmail.com

....

....

....

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
২। নৈতিকতা কমিটির সদস্যগণ, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, কেসিসি (বর্ণিত সভা ও কর্মশালায় অংশগ্রহণের জন্য তাকে অনুরোধ করা হলো)।
৩। বিভাগীয় প্রধান (সকল), কেসিসি (বর্ণিত সভা ও কর্মশালায় অংশগহণের জন্য তাকে অনুরোধ করা হলো)।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক ও সিভিল), কেসিসি (বর্ণিত সভা ও কর্মশালায় অংশগহণের জন্য তাকে অনুরোধ করা হলো)।
৫। নির্বাহী প্রকৌশলীবৃন্দ, খুলনা সিটি কর্পোরেশন (বর্ণিত সভা ও কর্মশালায় অংশগহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
৬। বাজেট কাম একাউন্টস অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৭। চীফ প্লানিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন (বর্ণিত সভা ও কর্মশালায় অংশগহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
৮। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৯। আই.টি ম্যানেজার, কেসিসি (বর্ণিত সভা ও কর্মশালায় অংশগ্রহণসহ কেসিসির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১০। সি এ টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। সি এ টু প্রধান নির্বাহী কর্মকর্তা, কেসিসি।
১২। সংশ্লিষ্ট নথি।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২.৬

১৪১

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

খুলনা সিটি কর্পোরেশন

খুলনা

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ সভার কার্যবিবরণী:

প্রধান অতিথি	:	জনাব তালুকদার আব্দুল খালেক, মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।
সভাপতি	:	জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব), খুলনা সিটি কর্পোরেশন।
পরিচালনায়	:	জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব), খুলনা সিটি কর্পোরেশন।
সভার তারিখ ও সময়	:	১৮/১২/২২খ্রি, ১১-৩০ ঘটিকা।
সভার স্থান	:	শহিদ আলতাফ মিলনায়তন, খুলনা সিটি কর্পোরেশন।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতির অনুরোধে মাওলানা মোঃ রফিকুল ইসলাম পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন। অত:পর সভাপতি কেসিসি'র সচিব জনাব মোঃ আজমুল হক-কে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি আলোচ্যসূচি উপস্থাপন পূর্বক বলেন, সুশাসন প্রতিষ্ঠানের নিমিত্তে মাননীয় মেয়র মহোদয় এবং কেসিসি'র বিভাগীয়/সংশ্লিষ্ট শাখা প্রধানগণসহ নৈতিকতা কমিটির সদস্যগণ, আইনজীবি, প্রতিনিধি, মুক্তিযোদ্ধা প্রতিনিধি, বিভিন্ন মিডিয়া প্রতিনিধি, সরকারি ও আধা সরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি, বস্তিবাসীদের প্রতিনিধি, বিভিন্ন সংস্থার প্রতিনিধি ও বিভিন্ন এনজিও প্রতিনিধির সমন্বয়ে এ সভা অনুষ্ঠিত হচ্ছে। তিনি সভাকে জানান যে, কেসিসিতে মোট ১৮টি স্থায়ী কমিটি আছে এবং সবগুলো স্থায়ী কমিটির কার্যক্রম চলমান রয়েছে। এর মধ্যে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির বাংলাদেশের মধ্যে একমাত্র খুলনা সিটি কর্পোরেশনেই আছে, অন্য কোথাও নাই। সংশ্লিষ্ট স্থায়ী কমিটির মাধ্যমে যে কোন বষয়ে সুপারিশ আনায়ন করা হয় এবং তা সাধারণ সভায় অনুমোদন হতে হয়। কেসিসি'র সকল কাজে স্বচ্ছতা আছে বলে তিনি মন্তব্য প্রকাশ করেন। মুক্তিযোদ্ধা প্রতিনিধি, সরকারি-বেসরকারি প্রতিনিধি, মিডিয়া প্রতিনিধিসহ বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণের বক্তব্য হতে সভায় প্রকাশ পায় যে, সিটি কর্পোরেশন নাগরিকদের যে সব সেবা দিয়ে থাকে তার মধ্যে বর্জ্য ব্যবস্থাপনা অন্যতম। খুলনা শহরে প্রতিনিধি ১০০০ টন বর্জ্য উৎপাদন হয় এবং প্রায় ৮০% অর্থাৎ ৮০০ টন বর্জ্য কালেকশন হয়। বর্তমানে বর্জ্য দুইভাবে কালেকশন হয়: (১) হাউজ টু হাউজ কালেকশন এনজিওদের মাধ্যমে বাড়ি বাড়ি গিয়ে ময়লা সংগ্রহ এবং (২) ডাস্টবিন থেকে থ্রি-হুইলার ভ্যানে STS-এ ময়লা নিয়ে যায় এবং সেখান থেকে গার্বেজ ট্রাকে করে তা ড্যাম্পিং পয়েন্টে নিয়ে যায়। কেসিসি'র ল্যান্ড ফিল আছে তিনটি-রাজবাঁধ, শলুয়া ও মাথাভাঙ্গা। বর্তমানে রাজবাঁধে বর্জ্য ড্যাম্পিং করা হচ্ছে। তাছাড়া ভ্যাকুট্যাগের মাধ্যমে মানব বর্জ্য অপসারণ করা হয়। এসব কার্যক্রম স্ক্রীনে প্রেজেন্টেশনের মাধ্যমে কঞ্জারভেন্সি অফিসার জনাব মোঃ আনিসুর রহমান সচিত্র ব্যাখ্যা করেন। বর্জ্যকে কমিয়ে আনার জন্য রিসাইকেল অর্থাৎ বর্জ্য থেকে অন্য ম্যাটেরিয়ালে (বিদ্যুৎ, ডিজেল, সার ইত্যাদি) রূপান্তর করার প্রকল্প গ্রহণ করা হয়েছে, কেসিসি কর্তৃক সিটিজেন চার্টার প্রণয়ন করে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্থাপন করা হয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা চালু আছে, তথ্য অধিকার আইনে কেউ যদি কোন তথ্য চায় তবে ধার্যকৃত সময়ের মধ্যে তথ্য দেয়া হয় এবং কেসিসি'র সার্বিক কার্যক্রম বিষয়ে অবহিত করার জন্য অংশীজনদের সমন্বয়ে নিয়মিত এই সভা অনুষ্ঠিত হচ্ছে। কেসিসি'র সকল দপ্তরে ই-নথি প্রবর্তন এবং শুদ্ধাচার , নৈতিকতা, অফিস ম্যানেজমেন্ট ইত্যাদি বিষয়ে দক্ষতা অর্জনের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা আবশ্যক।

অপর পাতায়

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

(পাতা নং-২)

পরিশেষে প্রধান অতিথি মাননীয় মেয়র মহোদয় সিটি কর্পোরেশন নাগরিকদের যে সব সেবা দিয়ে থাকে সে সম্পর্কে বিভিন্ন তথ্য সংগ্রহের জন্য উপস্থিত সকলকে নাগরিক জরিপ ফরম পূরণ করার অনুরোধ জানান। অন লাইন হোল্ডিং ট্যাক্স আদায় জুন ২০২৩ এর মধ্যে চালু করণ এবং কেসিসি'র সকলকে শুদ্ধাচার চর্চা করার অনুরোধ জানান এবং কেসিসিতে প্রণয়নকৃত সিটিজেন চার্টার আরো আপগ্রেড করার জন্য তিনি সকলকে অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	কেসিসি'র বিভিন্ন সেবা সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য উপস্থিত নাগরিকদের জরিপ ফরম পূরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসনিক বিভাগ
২।	জুন ২০২৩ এর মধ্যে অনলাইন হোল্ডিং ট্যাক্স বিলিং সিস্টেম চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	রাজস্ব বিভাগ ও বিদ্যুৎ শাখা
৩।	কেসিসি'র সকলকে শুদ্ধাচার চর্চাসহ সুশাসন প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসনিক বিভাগ
৪।	সিটিজেন চার্টার আপগ্রেড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব, কেসিসি ও সংশ্লিষ্ট এনজিও

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/১২/২২

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.২৮.০০২.২২-২৫২৭ (৭) তারিখ-১৮/১২/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মেয়র প্যানেলের সদস্য/সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং-................, কেসিসি।
৩। বিভাগীয় প্রধান (সকল), খুলনা সিটি কর্পোরেশন।
৪। শাখা প্রধান (সকল), খুলনা সিটি কর্পোরেশন।
৫। আই.টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন। (কেসিসি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সংশ্লিষ্ট নথি।

১৮/১২/২২

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

D:\Current File\Susason\Resulation\2. 18-12-22.Docx

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

খুলনা সিটি কর্পোরেশন

খুলনা

১৮/১২/২০২২ খ্রিঃ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় খুলনা সিটি কর্পোরেশন কাউন্সিলর, কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে "সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভায়" উপস্থিতি:

কর্মশালায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

ক্র:নং	নাম	পদবী	মোবাইল নম্বর	স্বাক্ষর
১.	মোঃ আমিনুল ইসলাম মুন্না	প্যানেল মেয়র	01711626629	
২.	এ্যাড. মেমরী সুফিয়া রহমান শুনু	প্যানেল মেয়র	01711236923	
৩.	মোহাঃ নুরুল ইসলাম	CEO, KCC	01715306660	
৪.	মো: আজমুল হক	Secretary, KCC	01712126668	
৫.	জান্নাতুল আফরোজ স্বর্ণা	Executive Magistrate KCC	01786147747	
৬.	শেখ তারেক উজ জামান	সেক্রেটারী খুলনা প্রেস ক্লাব	01712281528	
৭.	মির্জা আজিজুর রহমান	প্রতিবেদক দৈনিক ...	01742744828	
৮.	মো: আবু বক্কর আলী	সভাপতি, সুশীল সমাজ (খুলনা) দুর্নীতি প্রতিরোধ কমিটি		
৯.	বিশ্বজিৎ দাস	সুশীল ও সহ সভাপতি ...	01711339813 / 01711548865	
১০.	এস এম মুজিবুর	প্রোগ্রাম ডিরেক্টর কেএমএসএস	01717251902	
১১.	মোঃ বিকাশ হাওলাদার	সহ-সভাপতি টাউন CDC ক্লাস্টার ১১ নং ওয়ার্ড	01911609654	
১২.	হাজেরা খাতুন	সহ-সাধারণ সম্পাদক	01933117986	
১৩.	মো: ইকবাল আহমেদ খান	বিএফএন চেঞ্জমেকার সিটি কোঅর্ডিনেটর SNV	01711248269	
১৪.	মো: রফিকুল ইসলাম	উপ পরিচালক ইসলামিক ফাউন্ডেশন	01712988923	
১৫.	মো: সাইদুল ইসলাম	প্রভাষক খুলনা আলিয়া মাদ্রাসা	01728903438	
১৬.	আবু জোবায়ের সাদেক	SRC BRAC UDP	[illegible]	

D:\Current File\Durnity\Hajira.Docx

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২.৬

১৫৮

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

১৮/১২/২০২২ খ্রিঃ তারিখ...

....

....

কর্মশালায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

ক্র:নং	নাম	পদবী	মোবাইল নম্বর	স্বাক্ষর
১৭.	[illegible]	[illegible]	[illegible]	
১৮.	Kirtic Chandra Roy	P.M	01733224816	
১৯.	ANAMUL HAQUE BACCHU	E.C	01711-৯0269	
২০.	MASHUD MAHMOOD	G.S Khulna Nazrul Academy	০১৭১২৫৩০৩৭৮	
২১.	MD Sultan Hossain	Photographer	01715548278	20/12/22
২২.	Nishat Tasnime	ATP, KCC	01633-503895	Nasnim
২৩.	Munawar Sohel	Consultant C4C-2	01715688492	Munawar Sohel
২৪.	Mani Mala Roy	"	01608977344	
২৫.	Nabajit Baim	Sanitary inspector	01903-910 500	NBaim
২৬.	Md. Ziaur Rahman	ACO	01717-0077 05	
২৭.	MD. Moniruzzaman Rahim	Lience officer K.C.C	01711-385173	
২৮.	Zahid Hossain sheikh	ExEn (E) KCC	01715-166900	
২৯.	Rezbina Khanam	Architect, KCC	01911-747234	
৩০.	MOSHIUZZAMAN KHAN	Superintending Engineer, KCC	01922852694	
৩১.	Md Abdul Aziz	SE (M) & CWMO KCC	017-111-32992	
৩২.	Md. Liaquat Hossain	Head Teacher P.W.D School	01719 022012	

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

D:\Current File\Durnity\Hajira.Docx

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২.৬ ২৩ ১৮৫

খুলনা সিটি কর্পোরেশন
সাধারণ প্রশাসনিক শাখা

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.০৬.০০৩.২২-২৬৪৪ তারিখ-০৭/১১/২০২২খ্রিঃ

বিষয় : সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) গঠন ও সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা সিটি কর্পোরেশন পর্যায়ে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) গঠন করা হয়েছে (কপি সংযুক্ত)। আগামী ১০/১১/২০২২খ্রিঃ তারিখ বিকাল ০৩-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক মহোদয়ের সভাপতিত্বে গঠিত কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৩(তিন) ফর্দ।

<u>আলোচ্যসূচি :</u>

(১) পরিচিতি পর্ব।

(২) লোকাল গভর্ণমেন্ট কোভিড-১৯ রিসপন্স এবং রিকভারি প্রজেক্ট (LGCRRP) এর অধীনে উপ-প্রকল্প বাছাই সংক্রান্ত আলোচনা সিদ্ধান্ত গ্রহণ।

(৩) বিবিধ।

....

....

....

....

মোঃ আজমুল হক
সচিব (উপসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪৭৬

অনুলিপি :

১। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
২। সি.এ. টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সংশ্লিষ্ট নথি।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

D:\Current File\CLCC\Letter-1.Docx

২.৬

২৬৪

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

খুলনা সিটি কর্পোরেশন পর্যায়ে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর ১ম সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব তালুকদার আব্দুল খালেক
মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।

পরিচালনায় : জনাব লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব), খুলনা সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও দিনক্ষণ : ১০/১১/২০২২, বৃহস্পতিবার, বিকাল ৩-০০টা

সভার স্থান : শহীদ আলতাফ মিলনায়তন, খুলনা সিটি কর্পোরেশন।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'গ'

সভার শুরুতে সভাপতি মহোদয়ের নির্দেশনায় প্রথমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করার জন্য ক্বারী মোঃ রফিকুল ইসলামকে অনুরোধ জানালে তিনি পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও তরজমা করেন। অতপর প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) গঠনের মূল উদ্দেশ্যে হচ্ছে সিটি কর্পোরেশন এলাকার মধ্যে যে সব সমস্যা রয়েছে সেগুলো চিহ্নিত করণ, এর মাধ্যমে মনিটরিং এবং জনগণের মাঝে যে সব সেবা দেয়া হয় সে সম্পর্কে জনগণকে সচেতন করা। কর্পোরেশন এলাকায় উন্নয়নে নাগরিক সম্পৃক্ততা নিশ্চিতকরণ, বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের মাধ্যমে তথ্যসমূহ নাগরিকদের গোচরীভূত করা, বাজেট প্রণয়নে নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধিকরণ ইত্যাদি কার্যক্রম এই কমিটির মাধ্যমে নগরবাসীকে অবহিত ও প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা হবে। এখানে উল্লেখ্য, নাগরিক সুবিধার্থে খুলনা সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স ডিজিটালাইজড করা হচ্ছে। যেন নাগরিকগণ নির্বিঘ্নে তাদের বিলসমূহ পরিশোধ করতে পারেন। বর্জ্য ব্যবস্থাপনা ও বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আইন শৃঙ্খলা বিষয়টিও মাথায় রাখতে হবে। সব মিলিয়ে খুলনা সিটি কর্পোরেশন সকলকে নিয়ে আমরা যেন বাসযোগ্য একটি এলাকা গড়ে তুলতে পারি তাই আমাদের মূল কাম্য। এ কমিটিতে খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মহোদয় সভাপতি, প্রধান নির্বাহী কর্মকর্তা, বিভাগীয় প্রধানগণ, সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলরবৃন্দ, বিভিন্ন পেশাজীবি প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, ব্যবসায়ী প্রতিনিধি, মিডিয়া প্রতিনিধি, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিনিধি রয়েছে। এটা CLCC-এর ১ম সভা অনুষ্ঠিত হচ্ছে। উল্লেখ্য যে, খুলনা সিটি কর্পোরেশনে CDCC নামে কোন কমিটি নেই। এই CLCCই CDCC হিসেবে একই জাতীয় কার্যক্রম পরিচালনা করবে।

এ পর্যায়ে আলোচ্যসূচি-১ অনুযায়ী এ কমিটির সকলকেই নিজের পরিচয় তুলে ধরার জন্য তিনি অনুরোধ জানালে উপস্থিত সকলেই নিজেদের পরিচয় প্রদান করেন।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক বলেন, সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে এ কমিটি গঠন করা হয়েছে। আলোচ্যসূচি-২ সম্পর্কে তিনি বলেন, কোভিড-১৯ এর কারণেই খুলনা এলাকায় অনেক ক্ষতিগ্রস্থ হয়েছে। কোভিড-১৯ এর কারণে বিশেষ করে যেসব এলাকায় বেশি মৃত্যু হয়েছে সেসব এলাকায় সরকার উন্নয়নের জন্য গুরুত্ব দিয়েছে। কোভিড সংক্রান্ত বিষয়ে খুলনা ভাল অবস্থানে আছে। এটা বিদেশী প্রজেক্ট। এ প্রজেক্টে তিন বছরে মোট ৭৫.২২ কোটি টাকা বরাদ্দ পাওয়া যাবে। ছয়মাস পর পর কিস্তিতে ১২.৫৩ কোটি টাকা করে বরাদ্দ পাওয়া যাবে। তাই পর্যায়ক্রমে এ প্রকল্পের ছোট ছোট বিভিন্ন উন্নয়ন করা হবে। গঠিত সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটিতে সরকারি নির্দেশনার আলোকে যে সব প্রতিনিধি রাখতে হবে তিনি তাদের ধরণ ও সংগঠন সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করেন এবং বলেন, এ কমিটি সংশ্লিষ্ট প্রকল্পের উন্নয়ন কাজ মনিটরিং এবং দেখভাল করবে। তিনি আরো বলেন, এ শহরে বসবাস করে সবাই শহরের অবস্থা জানে। লোকাল গভর্ণমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিসিআরআরপি) সম্পর্কে বিস্তারিত তুলে ধরার জন্য তিনি কেসিসি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) জনাব মশিউজ্জামান খানকে অনুরোধ জানান।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

জনাব মশিউজ্জামান খান,ভত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) কেসিসি বলেন, এই প্রকল্পটির নাম হলো লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রিসপন্স এন্ড রিকভারি প্রজেক্ট (LGCRRP)। এই প্রজেক্ট এর ফাইন্যান্স করছে World Bank এবং এর মেয়াদ হচ্ছে জানুয়ারি ২০২৩ থেকে ডিসেম্বর ২০২৫। ইতোমধ্যে এই প্রকল্প অনুমোদন হয়ে গেছে এবং এলজিইডি'র একজন প্রকৌশলী প্রজেক্ট ডিরেক্টর হিসেবে কাজ করছেন। এ প্রকল্পের অনেক বড় গাইড লাইন আছে। সেই অনুযায়ী এই প্রকল্পটি কেসিসি'র সাধারণ সভায় অনুমোদিত হয়েছে এবং ইতোমধ্যে এ প্রকল্প গ্রহণের বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ প্রকল্পের নামে পৃথক ব্যাংক হিসাবও খোলা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। আশা করা যাচ্ছে পরবর্তী পনের দিনের মধ্যে ১ম কিস্তির ১২.৫৩ কোটি টাকা বরাদ্দ পাওয়া যাবে। এই প্রকল্পের অধীনে মাননীয় মেয়র মহোদয় নিজেই সরেজমিনে অনেক জায়গায় ঘুরে তিনি বেশ কিছু উপ-প্রকল্প বাছাই করেছেন এবং সেগুলোর এষ্টিমেট চলছে। মাননীয় মেয়র মহোদয় কর্তৃক বাছাইকৃত উপ-প্রকল্পগুলোর মধ্যে খালিশপুর চিত্রালী মার্কেট আছে যার বেজমেন্ট এবং ১ম তলার অল্প কিছু কাজ করা হয়েছিল, তারপর আর কাজ করা হয়নি। এ কাজটা করা খুবই জরুরি। এ বিল্ডিংটি এখন একতলা পর্যন্ত করা যেতে পারে। খালিশপুর চিত্রালী কিচেন মার্কেটসহ সংযোজনী 'ক' ও 'খ'-তে প্রথম পর্যায় (জানুয়ারি-জুন, ২০২৩) এবং ২য় পর্যায় (জুলাই-ডিসেম্বর ২০২৩) এর প্রস্তাবিত উপ-প্রকল্পসমূহের তালিকা অনুমোদনের আশায় উপস্থাপন করা হয়।

জনাব মোঃ মুন্সি মাহবুব আলম সোহাগ, সম্পাদক, দৈনিক দেশ সংযোগ বর্ণিত উপ-প্রকল্পগুলোর এষ্টিমেট করার পর অতিরিক্ত টাকা থাকলে স্বাস্থ্য বিষয়ক প্রকল্প দেয়ার বিষয়ে মেয়র মহোদয়ের উপর দায়িত্ব ন্যস্ত থাকার প্রস্তাবে একমত পোষণ করেন।

জনাব এম.ডি এ বাবুল রানা, সাধারণ সম্পাদক, খুলনা মহানগর আওয়ামীলীগ, জিন্নাহ পাড়া রোড উন্নয়ন এ প্রকল্পের মধ্যে আছে কিনা জানতে চান। তিনি এই কমিটির সাফল্য কামনা করেন।

জনাব এস.এম খুরশিদ আহম্মেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩ কেসিসি বলেন, খুলনা শহরের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ/প্রতিনিধিদের নিয়ে CLCC গঠন করা হয়েছে বিধায় মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ শহরের ক্রিম মানুষগুলো নিয়ে তিনি উক্ত কমিটি গঠন করেছেন। এ কমিটিতে মুক্তিযোদ্ধা, এনজিও প্রতিনিধি, বিভিন্ন পেশার লোক, আইনজীবি, সাংস্কৃতিক অঙ্গনের মানুষসহ বিভিন্ন পর্যায়ের লোক অন্তর্ভুক্ত রয়েছে। তিনি কেসিসি'র চলমান উন্নয়ন কাজগুলো সকলকে তদারকি বা খেয়াল রাখার জন্য অনুরোধ জানান। এর পাশাপাশি কোভিড-১৯ খাতে যেহেতু টাকা বরাদ্দ আছে সেহেতু স্বাস্থ্য খাতকে আরো শক্তিশালী করা উচিত। স্বাস্থ্য খাতে যেসব ইনস্ট্রুমেন্ট দরকার তা না থাকায় কোভিড-১৯ এর সময় অনেক ক্ষেত্রে মানুষ প্রাইভেটভাবে চিকিৎসা নিয়েছে। প্রয়োজনীয় ইনস্ট্রুমেন্ট থাকলে সিটি কর্পোরেশন ঐ সময় আরো ভূমিকায় যেতে পারতো। তবে ঐ সময় মেয়র মহোদয়ের নেতৃত্বে সম্মানিত কাউন্সিলরদের সাথে নিয়ে জীবনের ঝুঁকিসহ রাত-দিন দৌড়ে প্রত্যেক ওয়ার্ডে কাজ করেছেন।

জনাব মল্লিক আবিদ হোসেন কবির, সেক্রেটারী, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, খুলনা সিটি ইউনিট, খুলনা বলেন, মাননীয় মেয়র মহোদয় খুলনাস্থ রেড ক্রিসেন্ট সভাপতি। কোভিড-১৯ এর সময় তাঁর নেতৃত্বে সারা খুলনাতে অক্সিজেন এবং এ্যাম্বুলেন্স দিয়ে মানুষের সাহায্যে রেড ক্রিসেন্ট এর পক্ষ থেকে এগিয়ে আসা হয়েছে। রেড ক্রিসেন্ট সিটি কর্পোরেশনের একটা অংশ বলা যায়। রেড ক্রিসেন্টে অক্সিজেন সিলিন্ডার এবং ইকুইপমেন্ট যা আছে তাতে আপাতত: সাময়িকভাবে পরিস্থিতি সামাল দেয়া সম্ভব, তবে পরিস্থিতি বেশি খারাপ হলে তখন বিবেচনা করা যাবে।

জনাব বিরেন্দ্র নাথ ঘোষ, সভাপতি, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ, খুলনা মহানগর, তাকে CLCC কমিটিতে অন্তর্ভুক্ত করায় মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। পরিলক্ষিত খুলনায় কবরস্থানের উন্নয়নের এবং শ্মশানের জন্য বরাদ্দ দেয়ার পাশাপাশি খ্রিষ্টান সম্প্রদায়ের সমাধিগুলোর বিষয়ে একটু খেয়াল নেয়ার অনুরোধ জানান।

মোঃ আজিমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

জনাব লিয়াকত হোসেন, সভাপতি, বাংলাদেশ মাধ্যমিক শিক্ষক সমিতি, খুলনা মহানগর কমিটির সভাপতি, এই প্রকল্পের অধীনে শিক্ষা প্রতিষ্ঠানে ছেলে-মেয়েদের সুস্বাস্থ্য ও কোভিডমুক্ত রাখার জন্য ছোট খাটো প্রকল্প গ্রহণ করার অনুরোধ জানান। যেমন-স্বাস্থ্য সম্মত শ্রেণীকক্ষ তৈরি, ফাস্ট ব্লক, বাচ্চাদের নিরাপদে বিচরণ ব্যবস্থা, স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ব্যবস্থা ইত্যাদি।

জনাব মশিউজ্জামান খান, ভত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) কেসিসি বলেন, ওয়ার্ল্ড ব্যাংক এর গাইড লাইনে বলা আছে সিটি কর্পোরেশনের মালিকানাধীন প্রতিষ্ঠান হলে প্রকল্প দেয়া যাবে, অন্যথায় নয়।

জনাব এনামুল হক বাচ্চু, সেক্রেটারী, আব্বাস উদ্দিন একাডেমী, খুলনা সাংস্কৃতিক প্রতিনিধি হিসেবে এ কমিটিতে অন্তর্ভুক্ত করার জন্য মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বলেন, করোনাকালীন দুই বছরে করোনার কারণে সাংস্কৃতিক জগতে অনেক বেশি ক্ষতি হয়েছে। সুস্থ্য নগরী বা সুস্থ্য সাংস্কৃতিক চর্চা বিকাশ কেন্দ্র থাকলে সেখানে অনেক কিছুর সমাধান হয়। তাই ভবিষ্যতে সাংস্কৃতি বিকাশ কেন্দ্রের জন্য এ প্রকল্পের মধ্যে সম্ভব না হলে অন্য প্রকল্পে তাদের জন্য কিছু করার চিন্তা ভাবনার জন্য তিনি অনুরোধ জানান।

জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব), কেসিসি বলেন, CLCC -এর এটা ১ম সভা। মূলত: ওয়ার্ড পর্যায়ে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি গঠিত আছে। ওয়ার্ডের যে সব বিষয়গুলো আছে ওয়ার্ড লেভেল কমিটির মাধ্যমে সেগুলো উঠে আসবে। CLCC কমিটিতে সকল শ্রেণীর পেশার মানুষদেরকে নিয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রয়োজনে এ কমিটিতে সদস্য সংখ্যা বাড়ানো যাবে। সরকারি নির্দেশনায় আছে সর্বোচ্চ ৮০ জন পর্যন্ত এ কমিটিতে রাখা যাবে। যেহেতু সব শ্রেণীর পেশার লোককে নিয়ে এ কমিটি গঠিত সেহেতু যে কোন সমস্যা/তথ্য মেয়র মহোদয় পর্যন্ত পৌঁছাতে হবে তাহলে সহজে তার সমাধান হবে।

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী ০৫ (পাঁচ) পৃষ্ঠা

পলি কর, ০৫/০৩/২০২৩
(পলি কর)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৮৮৯
lgdplanning2@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা।
০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
১২। যুগ্ম প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, খুলনা সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ক্ষতিগ্রস্থ রাস্তা উন্নয়ন ও পুনর্বাসন প্রকল্প, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
১৪। প্রকল্প পরিচালক, গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশণের ক্লিনারবাসীদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

F:\পিএসসি সভা সংক্রান্ত অবজীব তথ্যাদি\পিএসসি সভা সংক্রান্ত\পিএসসি সভা সংক্রান্ত-14.02.2023\Letter-Minutes.docx-1

২.৪

৪৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-২ শাখা

বিষয়ঃ খুলনা সিটি কর্পোরেশন এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন ২টি প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার সমন্বিত কার্যবিবরণী

সভাপতি	:	মুহম্মদ ইবরাহিম, সচিব, স্থানীয় সরকার বিভাগ
সভার তারিখ	:	১৪/০২/২০২৩
সভার স্থান	:	ভিডিও কনফারেন্সিং (ভার্চুয়ালি) এর মাধ্যমে
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট-'ক'

১.০ আলোচ্যসূচি-১: **খুলনা সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ক্ষতিগ্রস্থ রাস্তা উন্নয়ন ও পুনর্বাসন প্রকল্প।**

১.১ **উপস্থাপনাঃ**

১.১.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা-২) প্রকল্পটি উপস্থাপন করে বলেন, খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন **"খুলনা সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ক্ষতিগ্রস্থ রাস্তা উন্নয়ন ও পুনর্বাসন"** শীর্ষক প্রকল্পটি মোট ৬০৭.৫৬৭২ কোটি (ছয়শত সাত কোটি ছাপ্পান্ন লক্ষ বাহাত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ০৯/১০/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। খুলনা সিটি কর্পোরেশন এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে রাস্তা নির্মাণ, সড়ক উন্নয়ন ও প্রশস্তকরণের মাধ্যমে যানজট নিরসন ও দুর্ঘটনা হ্রাসকরণ এবং প্রকল্প এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের উদ্দেশ্যে প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। ডিসেম্বর ২০২২ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৭৯.৬৮% এবং আর্থিক অগ্রগতি ৪২১.৪০৩৮ কোটি টাকা (৬৯.৩৬%)। প্রকল্পটির প্রস্তাবিত ১ম সংশোধন প্রস্তাবের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য স্টিয়ারিং কমিটির সভায় পেশ করা হয়েছে। এরপর সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করার জন্য খুলনা সিটি কর্পোরেশনের প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়।

১.২ **আলোচনাঃ**

১.২.১ আলোচনায় অংশগ্রহণ করে খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, খুলনা ওয়াসা কর্তৃক ডিপিপিভূক্ত অনেক রাস্তায় স্যুয়ারেজ লাইনের কাজ শুরু হওয়ায়, অর্থবছর অনুযায়ী বরাদ্দকৃত অর্থ না পাওয়া, একই সাথে জিওবি অর্থায়নে চলমান খুলনা শহরের ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় একই রাস্তায় ড্রেনের কাজ সমাপ্ত না হওয়ায় রাস্তার কাজ করতে না পারা, কোভিড-১৯ মহামারির সময় কাজ বন্ধ থাকায়, ২০১৯ সালের পরে খুলনা সিটি কর্পোরেশনে রাস্তা সংক্রান্ত অন্য কোন প্রকল্প অনুমোদন না হওয়ায় কিছু অতি গুরুত্বপূর্ণ রাস্তা একেবারেই চলাচলের অযোগ্য হয়ে পড়ায় সেগুলির মেরামত এবং রক্ষণাবেক্ষণ জরুরী হয়ে পড়ায় এবং বেশ কিছু রাস্তার সীমানা সংক্রান্ত জটিলতার জন্য দীর্ঘসূত্রিতা হওয়ায় প্রকল্পটি সংশোধনের প্রয়োজন। এ লক্ষ্যে প্রস্তাবিত ১ম সংশোধনে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৯.৬২২০ কোটি টাকা (ব্যয় বৃদ্ধির হার ৬.৫২%) বৃদ্ধিপূর্বক মোট ব্যয় ৬৪৭.১৮৯২ কোটি টাকা এবং মেয়াদ জুন ২০২৪ পর্যন্ত ১ (এক) বছর বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

১.২.২ সভায় অবহিত করা হয় যে, প্রস্তাবিত সংশোধিত প্রকল্পের আওতায় ডিজাইন ও সুপারভিশনের পরামর্শক খাতে ২০.০০ লক্ষ, কুয়েট সুপারভিশন খাতে ৭৪.০০ লক্ষ, কার্পেটিং সড়ক মেরামত ও উন্নয়ন খাতে ৩৯৯৯.১৮ লক্ষ, সিসি রাস্তা নির্মাণ খাতে ১২৮.৭২ লক্ষ, গুরুত্বপূর্ণ মোড়ের উন্নয়ন খাতে ২০০.০০ লক্ষ, শহর সৌন্দর্যবর্ধন খাতে ১৭৫.০০ লক্ষ এবং পিক-আপ ক্রয় খাতে ১০.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। অপরদিকে ভূমি অধিগ্রহণ খাতে ৯৮.৫৬ লক্ষ টাকা হ্রাস করা হয়েছে। আরসিসি রাস্তা মেরামত ও উন্নয়ন খাতে পরিমাণ বৃদ্ধি (১০.৮১ কিঃ মিঃ বৃদ্ধি) করা হলেও ব্যয় ২৪৭.৭৪ লক্ষ টাকা হ্রাস করা হয়েছে।

F:\পিএসসি সভা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি\পিএসসি সভা সংক্রান্ত\পিএসসি সভা সংক্রান্ত-১৪,০২,২০২৩\সভার কার্যবিবরণী-১৪,০২,২০২৩.rtf

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-২ শাখা

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০৯৪.০০৭.০২.০০.২৬১.২০২৩(অংশ-১)-৩৭৫ তারিখঃ ১৮/০৬/২০২৩

বিষয়ঃ ঃ খুলনা, রংপুর ও রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন ৩টি প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার সমন্বিত কার্যবিবরণী প্রেরণ

স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মুহম্মদ ইবরাহিম মহোদয়ের সভাপতিত্বে গত ২৪/০৫/২০২৩ তারিখে খুলনা, রংপুর ও রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন নিম্নবর্ণিত ৩টি প্রকল্পের উপর প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা এ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়:

ক্র. নং	প্রকল্পের নাম	বাস্তবায়নকারী সংস্থা
১.	খুলনা শহরের জলাবদ্ধতা দূরীকরণে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন (১ম পর্যায়)	খুলনা সিটি কর্পোরেশন
২.	রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডের বিভিন্ন রাস্তায় সড়কবাতি স্থাপন (১ম সংশোধিত)	রংপুর সিটি কর্পোরেশন
৩.	রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন	রাজশাহী সিটি কর্পোরেশন

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ০৭ পৃষ্ঠা

(পলি কর)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৮৮৯

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা
০৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
০৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
০৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। প্রধান (অতিরিক্ত সচিব), এনইসি-একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
১১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা
১৪। উপসচিব (সিটি কর্পো: ২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫। উপসচিব (প্রশাসন-১ ও বাজেট শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর
১৭। প্রকল্প পরিচালক, খুলনা শহরের জলাবদ্ধতা দুরীকরণে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন (১ম পর্যায়), খুলনা সিটি কর্পোরেশন, খুলনা
১৮। প্রকল্প পরিচালক, রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডের বিভিন্ন রাস্তায় সড়কবাতি স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর
১৯। প্রকল্প পরিচালক, রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

D:\Meeting Related ABdullah\City Corporation\PSC\PSC 2023\2. পিএসসি সভা RpCC, KCC, RCC-24,05,2023\Letter.doc

২.৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-২ শাখা

বিষয়ঃ খুলনা সিটি কর্পোরেশন এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন ২টি প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার সমন্বিত কার্যবিবরণী

সভাপতি	:	মুহম্মদ ইব্‌রাহিম, সচিব, স্থানীয় সরকার বিভাগ
সভার তারিখ	:	১৪/০২/২০২৩
সভার স্থান	:	ভিডিও কনফারেন্সিং (ভার্চুয়ালি) এর মাধ্যমে
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট-'ক'

১.০ **আলোচ্যসূচি-১: খুলনা সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ক্ষতিগ্রস্থ রাস্তা উন্নয়ন ও পুনর্বাসন প্রকল্প।**

১.১ **উপস্থাপনাঃ**

১.১.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা-২) প্রকল্পটি উপস্থাপন করে বলেন, খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন **"খুলনা সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ক্ষতিগ্রস্থ রাস্তা উন্নয়ন ও পুনর্বাসন"** শীর্ষক প্রকল্পটি মোট ৬০৭.৫৬৭২ কোটি (ছয়শত সাত কোটি ছাপ্পান্ন লক্ষ বাহাত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ০৯/১০/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। খুলনা সিটি কর্পোরেশন এলাকায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে রাস্তা নির্মাণ, সড়ক উন্নয়ন ও প্রশস্তকরণের মাধ্যমে যানজট নিরসন ও দূর্ঘটনা হ্রাসকরণ এবং প্রকল্প এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের উদ্দেশ্যে প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। ডিসেম্বর ২০২২ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৭৯.৬৮% এবং আর্থিক অগ্রগতি ৪২১.৪০৩৮ কোটি টাকা (৬৯.৩৬%)। প্রকল্পটির প্রস্তাবিত ১ম সংশোধন প্রস্তাবের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য স্টিয়ারিং কমিটির সভায় পেশ করা হয়েছে। এরপর সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করার জন্য খুলনা সিটি কর্পোরেশনের প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়।

১.২ **আলোচনাঃ**

১.২.১ আলোচনায় অংশগ্রহণ করে খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, খুলনা ওয়াসা কর্তৃক ডিপিপিভুক্ত অনেক রাস্তায় স্যুয়ারেজ লাইনের কাজ শুরু হওয়ায়, অর্থবছর অনুযায়ী বরাদ্দকৃত অর্থ না পাওয়া, একই সাথে জিওবি অর্থায়নে চলমান খুলনা শহরের ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় একই রাস্তায় ড্রেনের কাজ সমাপ্ত না হওয়ায় রাস্তার কাজ করতে না পারা, কোভিড-১৯ মহামারির সময় কাজ বন্ধ থাকায়, ২০১৯ সালের পরে খুলনা সিটি কর্পোরেশনে রাস্তা সংক্রান্ত অন্য কোন প্রকল্প অনুমোদন না হওয়ায় কিছু অতি গুরুত্বপূর্ণ রাস্তা একেবারেই চলাচলের অযোগ্য হয়ে পড়ায় সেগুলির মেরামত এবং রক্ষণাবেক্ষণ জরুরী হয়ে পড়ায় এবং বেশ কিছু রাস্তার সীমানা সংক্রান্ত জটিলতার জন্য দীর্ঘসূত্রিতা হওয়ায় প্রকল্পটি সংশোধনের প্রয়োজন। এ লক্ষ্যে প্রস্তাবিত ১ম সংশোধনে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৯.৬২২০ কোটি টাকা (ব্যয় বৃদ্ধির হার ৬.৫২%) বৃদ্ধিপূর্বক মোট ব্যয় ৬৪৭.১৮৯২ কোটি টাকা এবং মেয়াদ জুন ২০২৪ পর্যন্ত ১ (এক) বছর বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

১.২.২ সভায় অবহিত করা হয় যে, প্রস্তাবিত সংশোধিত প্রকল্পের আওতায় ডিজাইন ও সুপারভিশনের পরামর্শক খাতে ২০.০০ লক্ষ, কুয়েট সুপারভিশন খাতে ৭৪.০০ লক্ষ, কার্পেটিং সড়ক মেরামত ও উন্নয়ন খাতে ৩৯৯৯.১৮ লক্ষ, সিসি রাস্তা নির্মাণ খাতে ১২৮.৭২ লক্ষ, গুরুত্বপূর্ণ মোড়ের উন্নয়ন খাতে ২০০.০০ লক্ষ, শহর সৌন্দর্যবর্ধন খাতে ১৭৫.০০ লক্ষ এবং পিক-আপ ক্রয় খাতে ১০.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। অপরদিকে ভূমি অধিগ্রহণ খাতে ৯৮.৫৬ লক্ষ টাকা হ্রাস করা হয়েছে। আরসিসি রাস্তা মেরামত ও উন্নয়ন খাতে পরিমাণ বৃদ্ধি (১০.৮১ কিঃ মিঃ বৃদ্ধি) করা হলেও ব্যয় ২৪৭.৭৪ লক্ষ টাকা হ্রাস করা হয়েছে।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

এক্ষেত্রে যেসব খাতে ব্যয় ও পরিমাণ (প্রযোজ্য ক্ষেত্রে) বৃদ্ধি/ হ্রাস করা হয়েছে তার যৌক্তিকতা নিয়ে সভায় জানতে চাওয়া হলে জানানো হয় যে, ২০১৯ সালের পরে খুলনা সিটি কর্পোরেশনে রাস্তা সংক্রান্ত অন্য কোন প্রকল্প অনুমোদন না হওয়ায় কিছু অতি গুরুত্বপূর্ণ রাস্তা একেবারেই চলাচলের অযোগ্য হয়ে পড়ায় সেগুলির মেরামত এবং রক্ষণাবেক্ষণ জরুরী হয়ে পড়ায় কার্পেটিং সড়ক মেরামত ও উন্নয়ন, সিসি রাস্তা নির্মাণ এবং গুরুত্বপূর্ণ মোড়ের উন্নয়ন খাতে পরিমাণ ও ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এছাড়া শহর সৌন্দর্যবর্ধন খাতে ও কিছু ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। বাজার মূল্য বৃদ্ধি পাওয়ায় পিক-আপ ক্রয়ের টেন্ডার মূল্য অনুযায়ী ২টি পিক-আপ ক্রয় খাতে ১০.০০ লক্ষ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। পাশাপাশি প্রকল্পের প্রস্তাবিত অতিরিক্ত ১ (এক) বছর মেয়াদের কার্যক্রম সুপারভিশনের লক্ষ্যে ডিজাইন ও সুপারভিশনের পরামর্শক খাতে এবং কুয়েট সুপারভিশন খাতে অতিরিক্ত ৯৪.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। অন্যদিকে ভূমি অধিগ্রহণ খাতে প্রকৃত ব্যয় প্রতিফলিত হওয়ায় এ খাতে ব্যয় হ্রাস পেয়েছে। সভাপতি প্রস্তাবিত ১ম সংশোধনে ব্যয় বৃদ্ধিপ্রাপ্ত খাতসমূহ বিশেষ করে পরামর্শক খাত (ডিজাইন ও সুপারভিশনের পরামর্শক এবং কুয়েট সুপারভিশন) আরো ভালভাবে যাচাইপূর্বক এসব খাতের ব্যয় ও পরিমাণ বৃদ্ধির বিষয়টি যৌক্তিকভাবে নির্ধারণ করে এবং প্রকল্প সংশোধনের কারণ সুনির্দিষ্টভাবে উল্লেখ করে প্রস্তাবিত ১ম সংশোধন প্রস্তাব পুর্নগঠনের জন্য সভায় নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

১.২.৩ সভায় আরও অবহিত করা হয় যে, প্রস্তাবিত সংশোধনে ফিজিক্যাল ও প্রাইজ কন্টিনজেন্সি খাতে যথাক্রমে ১৭৩.০০ লক্ষ এবং ১৮০.১৫ লক্ষ টাকা হ্রাসপূর্বক বিভিন্ন অঙ্গে সমন্বয় করা হয়েছে। এক্ষেত্রে বিদ্যমান পরিপত্রের অনুচ্ছেদ ১৯.৩.২ এবং ১৯.৩.৩ অনুযায়ী ফিজিক্যাল ও প্রাইজ কন্টিনজেন্সি অঙ্গের অর্থ সমন্বয় করা যথাযথ হবে। পরিপত্রের বিদ্যমান নির্দেশনা অনুসারে প্রাইজ ও ফিজিক্যাল কন্টিনজেন্সির অর্থ কোন্ কোন্ খাতে সমন্বয় করা হয়েছে তার তথ্যাদি প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে প্রতিফলনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

১.২.৪ সভাপতি আলোচনার ইতি টেনে বলেন, প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে প্রয়োজনীয় অঙ্গের ব্যয় ও পরিমাণ আরো ভালভাবে যাচাইপূর্বক যৌক্তিকভাবে নির্ধারণ করে প্রকল্পের ১ম সংশোধন প্রস্তাব পুনর্গঠন করতে হবে। এছাড়া তিনি বিদ্যমান পরিপত্র অনুযায়ী ফিজিক্যাল ও প্রাইজ কন্টিনজেন্সি খাতের অর্থ কোন্ কোন্ খাতে সমন্বয় করা হয়েছে সে সংক্রান্ত তথ্যাদি প্রস্তাবিত ১ম সংশোধনে প্রতিফলনের নির্দেশনা প্রদান করেন। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়।

১.৩ **সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১.৩.১ প্রস্তাবিত ১ম সংশোধনে ব্যয় বৃদ্ধিপ্রাপ্ত খাতসমূহ বিশেষ করে পরামর্শক খাত (ডিজাইন ও সুপারভিশনের পরামর্শক এবং কুয়েট সুপারভিশন) আরো ভালভাবে যাচাইপূর্বক এসব খাতের ব্যয় ও পরিমাণ বৃদ্ধির বিষয়টি যৌক্তিকভাবে নির্ধারণ, প্রকল্প সংশোধনের কারণ সুনির্দিষ্টভাবে উল্লেখ এবং প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর অর্থাৎ জুন ২০২৪ পর্যন্ত নির্ধারণের জন্য প্রস্তাবিত ১ম সংশোধন প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে এ বিভাগে দাখিল করতে হবে; এবং

১.৩.২ প্রস্তাবিত ১ম সংশোধনে বিদ্যমান পরিপত্র অনুযায়ী ফিজিক্যাল ও প্রাইজ কন্টিনজেন্সি খাতের অর্থ কোন্ কোন্ খাতে সমন্বয় করা হয়েছে তার তথ্যাদি প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে প্রতিফলন করতে হবে।

২.০ আলোচ্যসূচি-২: গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্লিনারবাসীদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প।

২.১ উপস্থাপনাঃ

সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা-২) প্রকল্পটি উপস্থাপন করে বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন "গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্লিনারবাসীদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি মোট ১৭৭.৭৩ কোটি (সম্পূর্ণ জিওবি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারি ২০১৭ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ২৮/০৩/২০১৭ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে মোট ২২১.৪৯৬৪ কোটি (সম্পূর্ণ জিওবি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারি ২০১৭ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২.৪

৪৮

বাস্তবায়নের নিমিত্ত গত ১৩/০৫/২০১৯ তারিখে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। অত:পর মোট ২৪৯.৪৮২৯ কোটি (সম্পূর্ণ জিওবি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারি ২০১৭ হতে জুন ২০২৩ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ২৫/১০/২০২১ তারিখে প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। আলোচ্য প্রকল্পটির মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মরত ৭৮৪ জন পরিচ্ছন্নকর্মীর আবাসিক ও শিক্ষা সুবিধার ব্যবস্থা গ্রহণ এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মীদের সেবার মানোন্নয়ন করার লক্ষ্যে প্রণয়ন করা হয়েছে। জানুয়ারি ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১১২.৭৯ কোটি টাকা (৪৫.১৯%) এবং বাস্তব অগ্রগতি ৬১%। অত:পর তিনি প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভা আহবানের কারণ সম্পর্কে সভাকে অবহিত করার জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রতিনিধিকে অনুরোধ জানান।

২.২ **আলোচনাঃ**

২.২.১ আলোচনায় অংশগ্রহণ করে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, গত ০৭/১২/২০২২ তারিখের পিআইসি (PIC) সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বিএনবিসির (BNBC) সর্বশেষ গাইড লাইন মোতাবেক পূর্ণাঙ্গ অগ্নি নির্বাপন ব্যবস্থা অন্তর্ভুক্ত করা ও MIST কর্তৃক Vetting কৃত প্রাক্কলন মোতাবেক ডিপিপি সংশোধন করে বাস্তবায়নের জন্য প্রকল্পের মেয়াদ ২ (দুই) বছর অর্থাৎ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন। এছাড়াও ডিজাইন নির্দেশিকা BNBC-২০২০ আনুষ্ঠানিকভাবে ফেব্রুয়ারি ২০২১-এ গেজেটভূক্ত করা হয়েছে। সর্বশেষ BNBC-২০২০ মেনে চলার জন্য, রিবার ডিটেইলিং, ল্যাপের দৈর্ঘ্য ইত্যাদি সম্পর্কিত কিছু আইটেম সাইটে সংশোধন করা প্রয়োজন যার জন্য অতিরিক্ত ব্যয় বৃদ্ধি পাবে। সংশোধিত ব্যয় প্রাক্কলনে নতুন আইটেম যুক্ত করা হয়। উক্ত মৌলিক আইটেমগুলো পূর্বের প্রাক্কলনে অন্তর্ভুক্ত ছিল না। বর্তমান পরিস্থিতি এবং প্রকল্পের বাস্তব অবস্থার প্রেক্ষিতে সংশোধিত ব্যয় প্রাক্কলনে পরিবর্তন হয়। প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়নের জন্য জনগুরুত্বের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে স্থাপত্য এবং কাঠামোগত নকশাসহ বিস্তারিত প্রাক্কলন দ্রুততম সময়ের মধ্যে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান দ্বারা বাস্তবায়ন করা হয়। তদনুসারে, ডিএনসিসির অনুরোধের প্রেক্ষিতে MIST কর্তৃক নকশাসমূহ বিস্তারিত যাচাই করার পরে দ্রুত প্রাক্কলনের ফলে বিভিন্ন প্যাকেজের কিছু আইটেম বিচ্যুতির বিষয়টি পরিলক্ষিত হয়েছে। কিছু ক্ষেত্রে, স্ট্রাকচারাল এবং স্থাপত্য নকশা ও বর্ণনা সঠিক হওয়া সত্ত্বেও বিস্তারিত প্রাক্কলনে করণিক ভুলও পাওয়া যায়। এসকল কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ সংশোধন প্রয়োজন। বিস্তাবিত আলোচনান্তে প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ ব্যয় বৃদ্ধির যৌক্তিক কারণ ও ব্যাখ্যা প্রকল্প সংশোধনের কারণে যথাযথভাবে প্রতিফলিত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

২.২.২ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের প্যাকেজ নং W-06 'SUPPLYING AND INSTALLATION OF LIFTS, SUB-STATION, SOLOR SYSTEM, GENERATOR' শীর্ষক কাজের ব্যয় প্রাক্কলনে গণপূর্ত বিভাগের তৎকালীন অনুমোদিত দর সুচি ২০১৮ অনুসরণ করা হয়। উপরোন্তু সাম্প্রতিক সময়ে সৃষ্ট করোনা মহামারী এবং রাশিয়া ও ইউক্রেনের যুদ্ধ পরিস্থিতিতে এলসি জটিলতা, ডলারের বিপরীতে টাকার মান হ্রাস পাওয়াসহ মূদ্রাস্ফিতির কারণে আমদানী নির্ভর মালামাল এর দর অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়ায় বর্ণিত দরসূচী অনুসরণে আলোচ্য প্যাকেজটি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছেনা। এরকম পরিস্থিতিতে জটিলতা পরিহারপূর্বক আলোচ্য কাজটি যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে PWD এর সর্বশেষ অনুমোদিত দরসূচী ২০২২ অনুসরণ করে প্যাকজটির (W-06) প্রাক্কলন সংশোধন করা যুক্তিযুক্ত হবে। উল্লেখিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্যাকজটির প্রাক্কলন PWD এর সর্বশেষ অনুমোদিত দরসূচী অনুসরনে প্রনয়ণপূর্বক ডিপিপি সংশোধন করার বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়।

২.২.৩ সভাপতি আলোচনার ইতি টেনে বলেন, প্রকল্পটি একটি জনগুরুত্বপূর্ণ প্রকল্প বিধায় বিএনবিসির (BNBC) সর্বশেষ গাইড লাইন মোতাবেক পূর্ণাঙ্গ অগ্নি নির্বাপন ব্যবস্থা অন্তর্ভুক্ত করা ও MIST কর্তৃক Vetting কৃত প্রাক্কলন অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন এবং PWD এর সর্বশেষ অনুমোদিত দরসূচী অনুসরনে প্রকল্পের প্যাকেজ নং W-06 এর ব্যয় প্রাক্কলন নির্ধারণ ও প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ ব্যয় বৃদ্ধির যৌক্তিক কারণ ও ব্যাখ্যা প্রকল্প সংশোধনের কারণে যথাযথভাবে প্রতিফলিত করে সংশোধন প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াকরণের সুপারিশ করা যায়। সভাপতির উপস্থাপিত বক্তব্যে সভায় ভার্চুয়ালি সংযুক্ত সকলে একমত পোষণ করেন।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২.৩ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২.৩.১ প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ ব্যয় বৃদ্ধির যৌক্তিক কারণ ও ব্যাখ্যা প্রকল্প সংশোধনের কারণে যথাযথভাবে প্রতিফলিত করে সংশোধন প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে এ বিভাগে দাখিল করতে হবে;

২.৩.২ সংশোধন প্রস্তাবে বিএনবিসির (BNBC) সর্বশেষ গাইড লাইন মোতাবেক পূর্ণাঙ্গ অগ্নি নির্বাপন ব্যবস্থা অন্তর্ভূক্ত করা ও MIST কর্তৃক Vetting কৃত প্রাক্কলন এবং PWD এর সর্বশেষ অনুমোদিত দরসূচী অনুসরণে প্রকল্পের প্যাকেজ নং W-06 এর ব্যয় প্রাক্কলন নির্ধারণের বিষয়টি প্রতিফলিত করতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০২/২৩

(মুহম্মদ ইব্রাহিম)
সচিব
ও
সভাপতি
প্রজেক্ট স্টিয়ারিং কমিটি

মোঃ আজিজুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা

০১.	মোঃ আব্দুল মজিদ, এনডিসি, মহাপরিচালক, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০২.	খন্দকার আহসান হোসেন, প্রধান (অতিরিক্ত সচিব) কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৩.	মোঃ উবায়দুল হক, যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
০৪.	ড. মুনিরা বেগম, যুগ্মপ্রধান (অঃ দাঃ), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
০৫.	ডা.মোঃসারোয়ার বাড়ী, মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬.	মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
০৭.	লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
০৮.	মোঃ ইউনুছ মিয়া, যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯.	এ এইচ এম কামরুজ্জামান, যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০.	মোহাম্মদ জহিরুল ইসলাম, উপসচিব (সিটি কর্পো:-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২.	মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (সিটি কর্পো:-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩.	পিন্টু বেপারী, উপসচিব (প্রশাসন-১ ও বাজেট শাখা) স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪.	প্রকল্প পরিচালক, খুলনা সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ক্ষতিগ্রস্থ রাস্তা উন্নয়ন ও পুনর্বাসন প্রকল্প, ঢাকা খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
১৫.	প্রকল্প পরিচালক, গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশণের ক্লিনারবাসীদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-২ শাখা

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০৯৪.০০৭.০২.০০.২৬১.২০২৩(অংশ-১)-৩৭৫

তারিখঃ ১৮/০৬/২০২৩

বিষয়ঃ ঃ খুলনা, রংপুর ও রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন ৩টি প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার সমন্বিত কার্যবিবরণী প্রেরণ

স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মুহম্মদ ইবরাহিম মহোদয়ের সভাপতিত্বে গত ২৪/০৫/২০২৩ তারিখে খুলনা, রংপুর ও রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন নিম্নবর্ণিত ৩টি প্রকল্পের উপর প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা এ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়:

ক্র. নং	প্রকল্পের নাম	বাস্তবায়নকারী সংস্থা
১.	খুলনা শহরের জলাবদ্ধতা দূরীকরণে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন (১ম পর্যায়)	খুলনা সিটি কর্পোরেশন
২.	রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডের বিভিন্ন রাস্তায় সড়কবাতি স্থাপন (১ম সংশোধিত)	রংপুর সিটি কর্পোরেশন
৩.	রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন	রাজশাহী সিটি কর্পোরেশন

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ০৭ পৃষ্ঠা

১৮/০৬/২০২৩
(পলি কর)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৮৮৯

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা
০৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
০৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
০৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। প্রধান (অতিরিক্ত সচিব), এনইসি-একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
১১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা
১৪। উপসচিব (সিটি কর্পো: ২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫। উপসচিব (প্রশাসন-১ ও বাজেট শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর
১৭। প্রকল্প পরিচালক, খুলনা শহরের জলাবদ্ধতা দুরীকরণে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন (১ম পর্যায়), খুলনা সিটি কর্পোরেশন, খুলনা
১৮। প্রকল্প পরিচালক, রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডের বিভিন্ন রাস্তায় সড়কবাতি স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর
১৯। প্রকল্প পরিচালক, রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

মোঃ ... হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

D:\Meeting Related ABdullah\City Corporation\PSC\PSC 2023\2. পিএসসি সভা RpCC, KCC, RCC-24,05,2023\Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-২ শাখা

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

বিষয়ঃ খুলনা সিটি কর্পোরেশন, রংপুর সিটি কর্পোরেশন ও রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন ৩টি প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার সমন্বিত কার্যবিবরণী

সভাপতি	:	মুহম্মদ ইব্রাহিম, সচিব, স্থানীয় সরকার বিভাগ
সভার তারিখ	:	২৪/০৫/২০২৩
সভার স্থান	:	এ বিভাগের সম্মেলন কক্ষ
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট-'ক'

১.০ আলোচ্যসূচি-১: **"খুলনা শহরের জলাবদ্ধতা দূরীকরণে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্প**

১.১ উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা-২) প্রকল্পটি উপস্থাপন করে বলেন, খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন "খুলনা শহরের জলাবদ্ধতা দূরীকরণে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পটি মোট ৮২৩.৭৯ কোটি (আটশত তেইশ কোটি উনআশি লক্ষ) টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ১৮/০৯/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। খুলনা সিটি কর্পোরেশনের শহরের জলাবদ্ধতা দূরীকরণ; প্রাকৃতিক খালগুলো খনন করে খালে পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি; অবৈধ দখল থেকে খাল রক্ষা; নদী ও খালের অবকাঠামো উন্নয়ন এবং ড্রেনের নেটওয়ার্ক সঠিকভাবে বৃদ্ধি করে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন করার উদ্দেশ্যে প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। এপ্রিল ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৬১.৯৪% এবং আর্থিক অগ্রগতি ৪১৪.৮২৪৩ কোটি টাকা (৫০.৩৫%)। প্রকল্পটির ব্যয় এবং মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধিসহ ১ম সংশোধন প্রস্তাবের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য স্টিয়ারিং কমিটির সভায় পেশ করা হয়েছে। সভার আলোচ্যসূচি মোতাবেক বিস্তারিত আলোচনা করার জন্য খুলনা সিটি কর্পোরেশনের প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়।

১.২ **আলোচনাঃ**

১.২.১ সভাপতি প্রকল্পটির ১ম সংশোধনের কারণ সম্পর্কে জানতে চাইলে খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সকল ড্রেনের সীমানা সংক্রান্ত জটিলতা ও অবৈধ উচ্ছেদের জন্য দীর্ঘসূত্রিতা হওয়া; বর্ষাকালে ড্রেণের নির্মাণ কাজ ব্যাহত হওয়া/কাজ করতে না পারা; কোভিড-১৯ মহামারির সময় কাজ বন্ধ থাকায়; অর্থ বছর অনুযায়ী বরাদ্দকৃত অর্থ না পাওয়া; ২০১৯ সালের পরে খুলনা সিটি কর্পোরেশনে ড্রেন সংক্রান্ত অন্য কোন প্রকল্প অনুমোদন না হওয়ায় জলাবদ্ধতা নিরসনে এই প্রকল্পে ড্রেন নির্মাণের সাথে আউটফলগুলোর সংযোগ স্থাপনের ক্ষেত্রে ও নাগরিক চাহিদার প্রেক্ষিতে কিছু অতি গুরুত্বপূর্ণ ড্রেন জরুরি হয়ে পড়ায়; জনসাধারণের চলাচলের সুবিধার জন্য একই সময়ে পাশাপাশি রাস্তার ও ড্রেনের কাজ শুরু না করতে পারায়; বাস্তবতার আলোকে কুয়েট ও ডিডিসি কর্তৃক প্রস্তুতকৃত ডিপিপি'তে প্রস্তাবিত ড্রেনের কাজের চূড়ান্ত ডিজাইন ও প্রাক্কলন হ্রাস/বৃদ্ধি হওয়ায় প্রকল্পটির ব্যয় ও মেয়াদ বৃদ্ধিসহ ১ম সংশোধনের প্রস্তাব করা হয়েছে। চলমান কাজ ও প্রস্তাবিত বর্ধিত কাজ সম্পন্নের জন্য প্রকল্পের মেয়াদ অতিরিক্ত ১ (এক) বছর বৃদ্ধি করা প্রয়োজন।

১.২.২ প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধিসহ সংশোধন করা হলে প্রস্তাবিত বর্ধিত মেয়াদে প্রকল্পটি সম্পন্ন হবে কিনা সে বিষয়ে পরিকল্পনা কমিশনের প্রতিনিধি জানতে চাইলে খুলনা সিটি কর্পোরেশনের প্রতিনিধি বলেন, প্রকল্পটির ভৌত অগ্রগতি বর্তমানে প্রায় ৬২%। অর্থবছর ওয়ারী বরাদ্দ পাওয়া গেলে প্রকল্পের সমুদয় কাজ নির্ধারিত মেয়াদে সম্পন্ন করা যাবে মর্মে আশা করা যায়। তবে পাম্প হাউজ এবং স্লুইচ গেট নির্মাণে বেশি সময় লাগবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে জানানো হয় যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ প্রকল্পটির ১ম সংশোধন প্রস্তাব পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদনযোগ্য বিধায় অনুমোদন প্রক্রিয়াকরণে সময় অতিবাহিত হবে। তাই কাজের পরিধি কিছুটা বৃদ্ধি পাওয়ায় মেয়াদ ১ (এক) বছরের পরিবর্তে ২ (দুই) বছর বৃদ্ধি করার প্রয়োজনীয়তার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। প্রকল্পের মেয়াদ বার বার বৃদ্ধি না করে একইসাথে ২ (দুই) বছর বৃদ্ধিসহ সংশোধন প্রস্তাব দাখিলের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

১.২.৩ সভায় জানানো হয় যে, প্রস্তাবিত প্রকল্পে পরামর্শক ব্যয় এবং কুয়েট পরামর্শক ব্যয় খাতে যথাক্রমে ২৪৫.০০ লক্ষ ও ১০৫.০০ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব করা হয়েছে, যা অত্যধিক বলে বিবেচিত হওয়ায় এ খাতে ব্যয় যৌক্তিকভাবে হ্রাস

করা যেতে পারে। এছাড়াও প্রচার ও বিজ্ঞাপন খাতে ১৫.০০ লক্ষ ও অন্যান্য মনিহারি খাতে ৭৫.০০ লক্ষ, পিকআপ ক্রয় খাতে ৪৬.০০ লক্ষ, আসবাবপত্র খাতে ১০.২৫ লক্ষ, সম্মানী খাতে ৭.৬০ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। যা অত্যধিক বলে বিবেচিত হওয়ায় এসকল খাতে ব্যয় যৌক্তিক ভাবে হ্রাস করা যেতে পারে।

১.২.৪ সভাপতি আলোচনার ইতি টেনে বলেন, প্রকল্পটিতে নির্মাণ কাজ থাকায় প্রকল্পের মেয়াদ ২ (দুই) বছর বৃদ্ধিসহ ১ম সংশোধন প্রস্তাব অনুমোদনের প্রস্তাব প্রক্রিয়াকরণ করা যেতে পারে। প্রকল্পের সংশোধনের যৌক্তিকতা নির্ধারিত ছকে যথাযথভাবে প্রতিফলন করতে হবে; এছাড়া কাজের গুণগত মান বজায় রেখে প্রস্তাবিত বর্ধিত মেয়াদের মধ্যে প্রকল্পের যাবতীয় কার্যক্রম সমাপ্ত করতে হবে। এ বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত প্রকাশ করেন।

১.৩ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১.৩.১ প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধিসহ ১ম সংশোধন প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াকরণের সুপারিশ করা হলো;

১.৩.২ প্রকল্পের সংশোধনের যৌক্তিকতা নির্ধারিত ছকে যথাযথভাবে প্রতিফলন করতে হবে;

১.৩.৩ পরামর্শক ব্যয়, কুয়েট পরামর্শক, প্রচার ও বিজ্ঞাপন, অন্যান্য মনিহারি, পিকআপ ক্রয়, আসবাবপত্র এবং সম্মানী খাতে ব্যয় যৌক্তিকভাবে হ্রাস করতে হবে; এবং

১.৩.৪ কাজের গুণগত মান বজায় রেখে প্রস্তাবিত বর্ধিত মেয়াদের মধ্যে প্রকল্পের যাবতীয় কার্যক্রম সমাপ্ত করতে হবে।

২.০ আলোচ্যসূচি-২: "রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডের বিভিন্ন রাস্তায় সড়কবাতি স্থাপন (১ম সংশোধিত)"

২.১ উপস্থাপনাঃ

২.১.১ স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা-২) প্রকল্পটি উপস্থাপন করে বলেন, রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন "রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডের বিভিন্ন রাস্তায় সড়কবাতি স্থাপন" শীর্ষক প্রকল্পটি মোট ৪৯.০০ কোটি (উনপঞ্চাশ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ ২০১৯ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ৩০/০৬/২০১৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অত:পর মোট ৪৯.০০ কোটি (উনপঞ্চাশ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ১১/০৫/২০২১ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। ২য় বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়। সর্বশেষ ৩য় বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে রংপুর মহানগরীতে বিদ্যুৎ সাশ্রয়ী, পরিবেশবান্ধব আলোর ব্যবস্থাকরণ, যানবাহন ও পথচারীদের রাত্রীকালীন চলাচলে সহায়তা করা এবং রাত্রীকালীণ নগরবাসীর নাগরিক সুবিধা বৃদ্ধি পাবে। এপ্রিল ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৬০% এবং আর্থিক অগ্রগতি ১৯.৭৫ কোটি টাকা (৪০.৩১%)। প্রকল্পের হালনাগাদ অগ্রগতি পর্যালোচনা ও উদ্ভূত সমস্যাসমূহ সমাধানের দিক নির্দেশনা/সুপারিশ গ্রহণের নিমিত্ত স্টিয়ারিং কমিটি'র সভায় উপস্থাপন করা হয়েছে। এরপর সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করার জন্য রংপুর সিটি কর্পোরেশনের প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়।

২.১ আলোচনাঃ

২.২.১ আলোচনায় অংশগ্রহণ করে রংপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, প্রকল্পের অধীনে ০৪টি প্যাকেজের (Works-01, Works-02, Works-03, Works-07 & Works-08) কার্যাদেশ/ কাজ বাতিল করা হয়েছে। প্রকল্পের অনুমোদিত মেয়াদ (২য় বারের মতো বর্ধিত) ছিল ৩১/১২/২০২২ পর্যন্ত। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ০৮/০৮/২০২২ তারিখের সময় বৃদ্ধির প্রশাসনিক আদেশের প্রদত্ত শর্তাদি শিথিল/সংশোধন করে পুনরায় ৩১/১২/২০২৩ পর্যন্ত (৩য় বারের মত) সময় বৃদ্ধির প্রস্তারের প্রেক্ষিতে গত ২৬/১২/২০২২ তারিখে আইএমইডি শর্ত-সাপেক্ষে প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ মার্চ ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত সময় বৃদ্ধির জন্য সুপারিশ করে। তাছাড়া, গত ২২/০১/২০২৩ তারিখে ভৌত অবকাঠামো বিভাগের সদস্য মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পটির মেয়াদ ৩য় বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। আইএমইডি ও ভৌত অবকাঠামো বিভাগের নির্দেশনা মোতাবেক বাতিলকৃত ০৪টি প্যাকেজের পুনঃদরপত্র প্রক্রিয়া দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করে প্রকল্প মেয়াদের মধ্যে সকল কাজ সমাপ্ত করার নির্দেশনা দেয়া হয়েছে।

২.২.২ তিনি সভাকে আরো জানান, গত ১৩/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত পিএসসি সভায় অনুমোদিত ডিপিপিতে ৩৬ ওয়াট বাতির পরিবর্তে ১০০ ওয়ার্টের প্রস্তাবসহ অন্যান্য সংশ্লিষ্ট সকল অঙ্গের কারিগরী বিষয়ে মতামত প্রদানের জন্য রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক ১টি কারিগরী কমিটি গঠন করা এবং কারিগরী কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিলের পর দাখিলকৃত প্রতিবেদনের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণের জন্য পুনরায় পিএসি সভা আহবান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে গঠিত কমিটি ক) অনুমোদিত ডিপিপিতে ৩৬ ওয়াটের এলইডি সড়কবাতি অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও ২০২২-২০২৩ অর্থ-বছরের এলজিইডি

ও পিডব্লিউডি'র রেট সিডিউলে ৩৬ ওয়াটের এলইডি সড়কবাতির কোন আইটেম অন্তর্ভুক্ত না থাকায় এবং ২০২২-২৩ অর্থ-বছরের এলজিইডি'র রেট সিডিউলে ১৫০, ২০০ ও ২৫০ ওয়াটের ও পিডব্লিউডি'র রেট সিডিউলে ৫০, ১০০, ১৫০, ২০০ ও ২৫০ ওয়াটের এলইডি সড়কবাতির আইটেম অন্তর্ভূক্ত থাকায় বিদ্যুৎ ব্যবহার ও বিদ্যুৎ বিলের সাশ্রয়তা ও রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক বিদ্যুৎ বিল প্রদানের সক্ষমতা বিবেচনা করে এবং সার্বিক বিবেচনায় ৩৬ ওয়াটের পরিবর্তে ৫০ ওয়াটের এলইডি সড়কবাতি স্থাপন করার অনুমোদনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সুপারিশ প্রদান; খ) ৩৬ ওয়াট, ৫০ ওয়াট ও ১০০ ওয়াট সড়কবাতির Technical Specification-এর তুলনামূলক বিশ্লেষণ করে আনুসজ্ঞিক অজ্ঞাসমূহ/আইটেমসমূহ বিবেচনাপূর্বক সার্বিকভাবে ৩৬ ওয়াটের এলইডি সড়কবাতির পরিবর্তে ৫০ ওয়াটের এলইডি সড়কবাতির Technical Specification/ গুনগতমান গ্রহণযোগ্য বিবেচনায় উহা অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ প্রদান; এবং) ৫০ ওয়াটের এলইডি সড়কবাতি ব্যবহার করা হলে ডিপিপিতে/মূল প্রাক্কলণে অন্তর্ভূক্ত আনুষজ্গিক অজ্ঞাসমূহ/আইটেমসমূহ যেমন তার (Ant, GNAT, WASP),, এলইডি লাইট সেট, সার্কিট ব্রেকারসহ মেইন সুইচ, মিটার বক্স, ট্রান্সফরমার, সংযোগ তার ও আর্থিংসহ অন্যান্য অজ্ঞাসমূহ/আইটেমসমূহ পরিবর্তনের প্রয়োজন হবে না এবং এলইডি সড়কবাতি ব্যতিত ভৌত ও মূলধন খাতের অন্যান্য অজ্ঞাসমূহের পরিবর্তনের প্রয়োজন হবে না মর্মে মতামত প্রদান করেছে।

২.২.৩ সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, প্রকল্পের Scope পরিবর্তন হবে এবং ব্যয় প্রাক্কলনও কিছুটা পরিবর্তন হবে বিধায় প্রকল্পটি সংশোধন করা প্রয়োজন। সংশোধন প্রস্তাবটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদনযোগ্য বিধায় প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণসহ অবশিষ্ট কাজ সম্পাদনের জন্য অতিরিক্ত ৬ মাছ মেয়াদ বৃদ্ধিসহ ২য় সংশোধন প্রস্তাব প্রক্রিয়াকরণের বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়। এছাড়া এলইডি সড়ক বাতির ওয়াটের পরিবর্তনের বিষয়টি আলোচনান্তে কারিগরি কমিটির প্রতিবেদনের আলোকে এবং বিদ্যুৎ বিল সাশ্রয়ের দিক বিবেচনায় ৩৬ ওয়াটের পরিবর্তে PWD এর রেট সিডিউল অনুযায়ী সর্বনিম্ন ৫০ ওয়াটের এলইডি সড়ক বাতি এবং এর সঙ্গে আনুষজ্গিক অন্যান্য অঙ্গের ব্যয় প্রাক্কলন পুন:নির্ধারণ করে সংশোধন প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় মতামত প্রদান করা হয়।

২.২.৪ সভাপতি আলোচনার ইতি টেনে বলেন, কারিগরি কমিটির প্রতিবেদনের আলোকে এবং বিদ্যুৎ বিল সাশ্রয়ের দিক বিবেচনায় ৩৬ ওয়াটের পরিবর্তে PWD এর রেট সিডিউল অনুযায়ী সর্বনিম্ন ৫০ ওয়াটের এলইডি সড়ক বাতি এবং এর সঙ্গে আনুষজ্গিক অন্যান্য অঙ্গের ব্যয় প্রাক্কলন পুন:নির্ধারণ করে মেয়াদ ৬ (ছয়) মাস বৃদ্ধিসহ সংশোধন প্রস্তাব দ্রুত প্রক্রিয়াকরণ করা যেতে পারে। এছাড়া নির্মাণ কাজের গুণগত মান বজায় রাখতে হবে। এ প্রস্তাবে পরিকল্পনা কমিশন, আইএমইডিসহ সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

২.৩ **সিদ্ধান্ত:**

২.৩.১ কারিগরি কমিটির প্রতিবেদনের আলোকে এবং বিদ্যুৎ বিল সাশ্রয়ের দিক বিবেচনায় ৩৬ ওয়াটের পরিবর্তে PWD এর রেট সিডিউল অনুযায়ী সর্বনিম্ন ৫০ ওয়াটের এলইডি সড়ক বাতি এবং এর সঙ্গে আনুষজ্গিক অন্যান্য অঙ্গের ব্যয় প্রাক্কলন পুন:নির্ধারণ করে মেয়াদ ৬ (ছয়) মাস বৃদ্ধিসহ সংশোধন প্রস্তাব দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে; এবং

২.৩.২ নির্মাণ কাজের গুণগত মান বজায় রাখতে হবে।

আলোচ্যসূচি ৩: "রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্প

৩.১ **উপস্থাপনাঃ**

৩.১.১ স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা-২) প্রকল্পটি উপস্থাপন করে বলেন, রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন "রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি মোট ২৯৩১.৬১৮১ কোটি (জিওবি ২৬৩৮.৪৫৬৩ এবং নিজস্ব অর্থায়ন ২৯৩.১৬১৮ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ-২০২০ হতে জুন-২০২৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ১৮/০২/২০২০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। আলোচ্য প্রকল্পটি কার্যকর সড়ক বিন্যাস গড়ে তোলার নিমিত্তে নগরীর সকল সড়ক ও সড়ক অবকাঠামোসমূহের নির্মাণ ও উন্নয়ন করা, জলাবদ্ধতা নিরসনে নগরীর সকল এলাকায় পানি নিষ্কাশন নর্দমা ও নর্দমাসমূহের অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন করা, আর্থ-সামাজিক ও ধর্মীয় অবকাঠামো নির্মাণ/উন্নয়ন এর মাধ্যমে নাগরিক সেবার মান বৃদ্ধি করা, পরিবেশ ও সৌন্দর্যবর্ধনমূলক অবকাঠমো নির্মাণের মাধ্যমে পরিবেশসম্মত বাসযোগ্য নগরী গড়ে তোলা, স্মৃতি সৌধ ও মুরাল নির্মাণের মাধ্যমে মহানগরীর ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণ করার লক্ষ্যে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এপ্রিল ২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৪০% এবং আর্থিক অগ্রগতি ৯২৯.৯৯ কোটি টাকা (৩২%)। প্রকল্পের সার্বিক অগ্রগতি অবহিত করার জন্য স্টিয়ারিং কমিটি'র সভায় উপস্থাপন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি মোতাবেক বিস্তারিত আলোচনা করার জন্য রাজশাহী সিটি কর্পোরেশনের প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়।

৩.২ **আলোচনাঃ**

৩.২.১ আলোচনায় অংশ নিয়ে রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, আলোচ্য প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা রয়েছে কিনা জানতে চাইলে তিনি জানান যে, বিভিন্ন কিস্তির অর্থ ছাড়ের সময় Debit Service Liability (DSL) জনিত সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। এছাড়া আলোচ্য প্রকল্পের ডিপিপিতে ১টি জিপ এবং ২টি পিকআপ বরাদ্দ আছে। অন্তত ১টি গাড়ি কিনার অনুমতি পাওয়া গেলে কাজ গুলো পরিদর্শনে সুবিধা হবে। নির্মাণ সামগ্রির মূল্য বৃদ্ধি হওয়ায় নতুন রেট সিডিউল প্রকাশিত হয়েছে। নতুন রেট সিডিউল অনুসরনে প্রাক্কলন প্রস্তুত করায় বিভিন্ন অঙ্গের প্রাক্কলিত ব্যয় অনুমোদিত ডিপিপি'র তুলনায় বৃদ্ধি পাচ্ছে, অনুমোদিত ডিপিপিতে অঙ্গ ভিত্তিক ক্রয় পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে একই জায়গায় নর্দমা নির্মাণ একটি প্যাকেজে, সড়ক নির্মাণ আরেকটি প্যাকেজে, ফুটপাথ নির্মাণ ভিন্ন প্যাকেজে দরপত্র আহ্বানের প্রস্তাব করা হয়েছে। একই জায়গায় ভিন্ন ভিন্ন প্যাকেজের আওতায় ভিন্ন ভিন্ন ঠিকাদার দ্বারা প্রকল্পের কাজ বাস্তবায়নে বিঘ্ন ঘটছে। একটি জায়গার বিভিন্ন অঙ্গের কাজ একই প্যাকেজভূক্ত করে দরপত্র আহ্বান করলে প্রকল্প বাস্তবায়ন সহজতর হবে। বৈশ্বিক পরিস্থিতি এবং ব্যাংকের তারল্য সংকটের কারণে প্রকল্পের আওতায় যন্ত্রপাতি ক্রয় প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে। এছাড়াও কিছু সমস্যার কারণে কয়েকটি বিষয়ে পরিকল্পনা কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করা হয়েছে।

৩.২.২ আলোচনায় অংশ নিয়ে অর্থ বিভাগের প্রতিনিধি বলেন, বিভিন্ন কিস্তির অর্থ ছাড়ের সময় Debit Service Liability (DSL) সমাধানে অর্থ বিভাগ ও স্থানীয় সরকার বিভাগ একইসাথে কাজ করছে। দ্রুতই উক্ত সমস্যা সমাধান হবে। সভায় জানানো হয় যে, বৈশ্বিক পরিস্থিতির কারণে ও অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে এ মুহুর্তে গাড়ী ক্রয় করা সম্ভব নয়। তবে অন্যান্য সমস্যা সমাধানের জন্য প্রকল্পটির সংশোধন প্রয়োজন। প্রকল্পে আরো কিছু সংশোধনের প্রয়োজন হলে সকল বিষয় অন্তর্ভুক্ত করে প্রকল্পটি সংশোধন করা যেতে পারে।

৩.২.৩ সভাপতি আলোচনার ইতি টেনে বলেন, যে সকল বিষয়ে পরিকল্পনা কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করা হয়েছে এবং যে সকল বিষয় সংশোধন করা প্রয়োজন সকল বিষয় অন্তর্ভুক্ত করে ডিপিপি সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এছাড়া প্রকল্পের পূর্ত কাজের গুণগত মান বজায় রাখতে হবে। এ বক্তব্যে পরিকল্পনা কমিশন, আইএমইডিসহ উপস্থিত সকলে একমত পোষণ করেন।

৩.৩ **সিদ্ধান্তঃ**

৩.৩.১ ইতোমধ্যে যে সকল বিষয়ে পরিকল্পনা কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করা হয়েছে এবং যে সকল বিষয় সংশোধন করা প্রয়োজন, সকল বিষয় অন্তর্ভুক্ত করে ডিপিপি সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

৩.৩.২ প্রকল্পের পূর্ত কাজের গুণগত মান বজায় রাখতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মুহম্মদ ইব্রাহিম)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২০৪ ৬৮

বিষয়	ঃ	খুলনা সিটি কর্পোরেশন, রাজশাহী সিটি কর্পোরেশন ও রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন ৩টি প্রকল্পের ওপর পিএসসি সভা
সভাপতি	ঃ	সচিব, স্থানীয় সরকার বিভাগ
স্থান	ঃ	কক্ষ নং: ৬০১, ভবন নং: ৭
তারিখ	ঃ	২৪/০৫/২০২৩

সভায় উপস্থিত কর্মকর্তাদের নাম ও স্বাক্ষর ঃ

ক্র. নং	নাম এবং পদবী	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	মোবাইল এবং ইমেল	স্বাক্ষর
১.	[illegible] অতি. সচিব	LGD	01711329800	[signature] 24/5/23
২.	ড. মো: [illegible] [illegible]	LGD	01710952123	[signature]
৩.	মো: [illegible] সিদ্দিকী যুগ্ম প্রধান	[illegible]	[illegible]	[signature] 24/5/23
৪.	তাহমিনা রহমান উপ প্রধান	ভৌত অবকাঠামো বিভাগ পরিকল্পনা কমিশন	01911749300	[signature] 24/05/23
৫.	মোহাম্মদ ওয়ালিদ হোসেন, যুগ্মসচিব	FD	01716449036	[signature] 24/5/23
৬.	মোঃ হাবিবুর রহমান	LGD	01711705909	[signature] 24/5/2023
৭.	[illegible] ইসলাম CEO	KCC	01715306660	[signature] 24/05/23
৮.	ড. এ. বি. এম. শরীফ উদ্দিন প্রধান নির্বাহী কর্মকর্তা	রাজশাহী সিটি কর্পোরেশন	01715-192629	[signature] 24.05.23

মোঃ [illegible] হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

বিষয়	ঃ	খুলনা সিটি কর্পোরেশন, রাজশাহী সিটি কর্পোরেশন ও রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন ৩টি প্রকল্পের ওপর পিএসসি সভা
সভাপতি	ঃ	সচিব, স্থানীয় সরকার বিভাগ
স্থান	ঃ	কক্ষ নং: ৬০১, ভবন নং: ৭
তারিখ	ঃ	২৮/০৫/২০২৩

সভায় উপস্থিত কর্মকর্তাদের নাম ও স্বাক্ষর ঃ

ক্র. নং	নাম এবং পদবী	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	মোবাইল এবং ইমেল	স্বাক্ষর
১২	মো: নূর ইসলাম প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক	রাজশাহী সিটি কর্পোরেশন রাজশাহী	০১৭১১৮৮৪৬২২	[signature] ২৮/০৫/২৩
১৩	মো: রুহুল আমিন প্রধান নির্বাহী কর্মকর্তা	র.সি. সিটি কর্পোরেশন র.সি.	০১৭১২৮০৬৪৭ ruhul6292@gmail.com	[signature] ২৮/০৫/২৩
১৪.	লিপিকা বেপারী উপসচিব	LGD		[signature]
১৫.	মোহাম্মদ নাছিম আহমেদ পরিচালক	IMED		[signature]
১৬.	পলি কর উপসচিব	LGD	01712977570	[signature] 28/05/2023
১৭.	মুহাম্মদ আনিসুজ্জামান নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক	RpCC	01712728014	[signature] 28/05/2023
১৮	মশিউজ্জামান খান প্রধান প্রকৌশলী	KCC	01922852694 xen3_kcc@yahoo.com	[signature]
১৯	মো: মনিরুজ্জামান তত্ত্বা-নির্বাহী প্রকৌশলী	KCC	০১৯৩৯-২২৮৪৭৭	[signature] ২৮/০৫/২৩

মোঃ আ[illegible] হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

৬৮

২.৪

ক্র. নং	নাম এবং পদবী	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	মোবাইল এবং ইমেল	স্বাক্ষর
১৭	মোহাম্মদ আমিনুল ইসলাম উপসচিব (সিএ)	স্থানীয় সরকার বিভাগ	01716426820	[illegible] ২৪/৩/২৫
১৮	মোঃ [illegible] [illegible] LGD [illegible]		01711108599	[illegible] ২৪/৩/২৫
১৯				
২০				
২১				
২২				
২৩				
২৪				
২৫				

মোঃ আজিজুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

মোঃ আজমল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন

যশোর রোড থেকে কাচাঁবাজার হয়ে নদী পর্যন্ত ড্রেন নির্মাণ

২.১৮

মোঃ আজমুল
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

পাবলিক লাইব্রেরী হতে কলেজ বাউন্ডারী রোডের ড্রেন নির্মাণ

২.৮

১৬৮

বেলায়েত হোসেন সড়ক উন্নয়ন

২.৬

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

মোঃ [illegible]মুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

হাজী ইসমাইল রোড ড্রেনসহ মেরামত

কাদের খান রোড বাইলেন সমূহ উন্নয়ন

২.৬

মোঃ আজমল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

১৩

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

ফারাজীপাড়া লেন সমূহ ড্রেনসহ উন্নয়ন

২.৬

খুলনা সিটি কর্পোরেশন
যান্ত্রিক শাখা।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.১৩.০০০০.০১৫.১৬.০০৪.২৩-৩২৭

তারিখ: ০৩/০৭/২০২৩খ্রি:

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন প্রসঙ্গে।
সূত্র: কেসিসি'র প্রশাসনিক শাখার ১৮/০৬/২০২৩ তারিখের ৪৬.১৩.০০০০.০০৯.১৬.০২০.২২-৬৬১ নং স্মারক।
